



কম্পিটেন্সি বেজড লার্নিং ম্যাটেরিয়ালস (সিবিএলএম)

## অটোমোটিভ মেকানিক্স

লেভেল - ০৩

মডিউল শিরোনামঃ পাওয়ার ট্রেন অভারহল করণ

(Module: Overhauling Power Train)

মডিউল কোড: CBLM-OU-LE-AM-01-L3-V1



জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ  
প্রধানমন্ত্রীর কার্যালয়,  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার



## কপিরাইট

জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ,

প্রধানমন্ত্রীর কার্যালয়।

১১-১২ তলা, বিনিয়োগ ভবন

ই-৬/বি, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭

ইমেইল: [ec@nsda.gov.bd](mailto:ec@nsda.gov.bd)

ওয়েবসাইট: [www.nstda.gov.bd](http://www.nstda.gov.bd)

ন্যাশনাল স্কিলস পোর্টাল: <http://skillsportal.gov.bd>

এই কম্পিটেন্সি বেজড লার্নিং ম্যাটেরিয়ালটির (সিবিএলএম) স্বত্ব জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ (এনএসডিএ) এর নিকট সংরক্ষিত। এনএসডিএ-এর যথাযথ অনুমোদন ব্যতীত অন্য কেউ বা অন্য কোন পক্ষ এ সিবিএলএমটির কোন রকম পরিবর্তন বা পরিমার্জন করতে পারবে না।

”পাওয়ার ট্রেন অভ্যর্থনা করা” সিবিএলএমটি এনএসডিএ কর্তৃক অনুমোদিত অটোমোটিভ মেকানিক্স লেভেল-৩ অকুপেশনের কম্পিটেন্সি স্ট্যান্ডার্ড ও কারিকুলামের ভিত্তিতে প্রণয়ন করা হয়েছে। এতে অটোমোটিভ মেকানিক্স লেভেল-৩ স্ট্যান্ডার্ডটি বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় তথ্য সন্নিবেশিত হয়েছে।

এ ডকুমেন্টটি সংশ্লিষ্ট বিশেষজ্ঞ প্রশিক্ষক/পেশাজীবীর দ্বারা এনএসডিএ কর্তৃক প্রণয়ন করা হয়েছে।

এনএসডিএ স্বীকৃত দেশের সকল সরকারি-বেসরকারি-এনজিও প্রশিক্ষণ প্রতিষ্ঠানে অটোমোটিভ মেকানিক্স লেভেল-৩ কোর্সের দক্ষতা ভিত্তিক প্রশিক্ষণ বাস্তবায়নের জন্য এ সিবিএলএমটি ব্যবহার করতে পারবে।



----- তারিখে অনুষ্ঠিত ----- কর্তৃপক্ষ সভায় অনুমোদিত।



## সক্ষমতাভিত্তিক শিখন উপকরণ ব্যবহার নির্দেশিকা

এই মডিউলে প্রশিক্ষণ উপকরণ ও প্রশিক্ষণ কার্যক্রম সম্পর্কে বলা হয়েছে। এই কার্যক্রমগুলো প্রশিক্ষার্থীকে সম্পন্ন করতে হবে। এই মডিউল সফলভাবে শেষ করলে আপনি ট্রান্সমিশন ব্যর্থ হওয়ার কারন নির্ণয় করা, ক্লাচ কম্পোনেন্ট সার্ভিসিং করা, ট্রান্সমিশন কম্পোনেন্ট সার্ভিসিং করা, ট্রান্সএক্সেল কম্পোনেন্ট সার্ভিসিং করা, ট্রান্সফার কেস/ফোর হইল ড্রাইভ কম্পোনেন্ট সার্ভিসিং করা, প্রপেলার স্যান্ট কম্পোনেন্ট সার্ভিসিং করা, চূড়ান্ত (Final) ড্রাইভ এবং ডিফারেনসিয়াল কম্পোনেন্ট সার্ভিসিং করা, ড্রাইভ বা এক্সেল স্যাক্ট কম্পোনেন্ট সার্ভিসিং করা, হইল বিয়ারিং এবং উহার কম্পোনেন্ট সার্ভিসিং করা ও টুলস পরিষ্কার করে সংরক্ষণ করতে পারবেন। একজন দক্ষ টেকনিশিয়ানের জন্য যে প্রয়োজনীয় জ্ঞান ও ইতিবাচক মনোভাব প্রয়োজন তা এই মডিউলে অন্তর্ভুক্ত রয়েছে।

এই মডিউলে বর্ণিত শিখনফল অর্জনের জন্য আপনাকে ধারাবাহিকভাবে শিক্ষা কার্যক্রম সম্পন্ন করতে হবে। এইসব কার্যক্রম একটি নির্দিষ্ট শ্রেণীকক্ষে বা অন্যত্র সম্পন্ন করা যেতে পারে। বর্ণিত শিখনফল তথা জ্ঞান ও দক্ষতা অর্জনের জন্য এসব কার্যক্রমের পাশাপাশি সংশ্লিষ্ট অনুশীলন ও সম্পন্ন করতে হবে।

শিখন কার্যক্রমের ধারা জানার জন্য "শিখন কার্যক্রম" অংশটি অনুসরণ করুন। ধারাবাহিকভাবে জানার জন্য সূচিপত্র, তথ্যপত্র, কার্যক্রম পত্র, শিখন কার্যক্রম, শিখনফল এবং উত্তরপত্রে পৃষ্ঠা নম্বর ব্যবহার করা হয়েছে। নির্দিষ্ট পাঠের সাথে সঠিক সহায়ক উপাদান সম্পর্কে জানার জন্যে শিখন কার্যক্রম অংশটি দেখতে হবে। এই শিখন কার্যক্রম অংশ আপনার সক্ষমতা অর্জন অনুশীলনের রোডম্যাপ হিসাবে কাজ করে।

তথ্যপত্রটি পড়ুন। এতে কার্যক্রম সম্পর্কে সঠিক ধারণা এবং সুনির্দিষ্টভাবে কাজ করার ধারণা পাওয়া যাবে। 'তথ্যপত্রটি' পড়া শেষ করে 'সেলফ চেক শীট' এ উল্লেখিত প্রশ্নগুলোর উত্তর প্রদান করুন। শিখন গাইডের তথ্যপত্রটি অনুসরণ করে 'সেলফ চেক শীট' সমাপ্ত করুন। 'সেলফ চেক' শীটে দেয়া প্রশ্নগুলোর উত্তর সঠিক হয়েছে কি না তা জানার জন্য 'উত্তর পত্র' দেখুন।

জব শীটে নির্দেশিত ধাপ অনুসরণ করে যাবতীয় কার্য সম্পাদন করুন। এখানেই আপনি নতুন সক্ষমতা অর্জনের পথে আপনার নতুন জ্ঞান কাজে লাগাতে পারবেন।

এই মডিউল অনুযায়ী কাজ করার সময় নিরাপত্তা বিষয়টি সম্পর্কে সচেতন থাকবেন। কোনো প্রশ্ন থাকলে ফ্যাসিলিটেরকে প্রশ্ন করতে সংকোচ করবেন না।

এই শিখন গাইডে নির্দেশিত সকল কাজ শেষ করার পর অর্জিত সক্ষমতা মূল্যায়ন করে নিশ্চিত হবেন যে, আপনি পরবর্তী মূল্যায়নের জন্য কতটুকু উপযুক্ত। প্রয়োজনীয় সব সক্ষমতা অর্জন হয়েছে কিনা তা জানার জন্য মডিউলের শেষে সক্ষমতা মান এর একটি চেকলিস্ট দেওয়া হয়েছে। এই তথ্যটি কেবলমাত্র আপনার নিজের জন্য।

## সূচিপত্র

কপিরাইট-----	i
সক্ষমতাভিত্তিক শিখন উপকরণ ব্যবহার নির্দেশিকা-----	v
মডিউল কন্টেন্ট-----	1
<b>শিখনফল (Learning Outcome)- ১: ট্রান্সমিশন ব্যর্থ হওয়ার কারন নির্ণয় করতে পারবে-----</b>	<b>4</b>
শিক্ষাণ/প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities) -১ : ট্রান্সমিশন ব্যর্থ হওয়ার কারন নির্ণয় করা-----	৬
ইনফরমেশন শীট (Information Sheet) ১: ট্রান্সমিশন ব্যর্থ হওয়ার কারন নির্ণয় করা-----	৭
সেলফ চেক (Self-Check)- ১: : ট্রান্সমিশন ব্যর্থ হওয়ার কারন নির্ণয় করা-----	২৪
উত্তরপত্র (Answer Key)-১: ট্রান্সমিশন ব্যর্থ হওয়ার কারন নির্ণয় করা-----	২৫
এক্টিভিটি শীট ১.১: টুলস এবং ইকুইপমেন্ট চিহ্নিত করুন-----	২৬
এক্টিভিটি শীট ১.২: পাওয়ার ট্রেনের কম্পোনেন্ট চিহ্নিত করা-----	২৭
জব শীট ১.৩: স্ট্যান্ডার্ড পদ্ধতি অনুসারে ক্লাচ এর ফল্ট নির্ণয় করা-----	২৮
স্পেসিফিকেশন শীট ১.৩: স্ট্যান্ডার্ড পদ্ধতি অনুসারে ক্লাচ এর ফল্ট নির্ণয় করা-----	২৯
জব শীট ১.৪: স্ট্যান্ডার্ড পদ্ধতি অনুসারে ট্রান্সমিশন (ম্যানুয়াল) এর ফল্ট নির্ণয় করা-----	৩০
স্পেসিফিকেশন শীট ১.৪: স্ট্যান্ডার্ড পদ্ধতি অনুসারে ট্রান্সমিশন এর ফল্ট নির্ণয় করা-----	৩১
জব শীট ১.৫: স্ট্যান্ডার্ড পদ্ধতি অনুসারে ট্রান্সএক্সেল এর ফল্ট নির্ণয় করা-----	৩২
স্পেসিফিকেশন শীট ১.৫: স্ট্যান্ডার্ড পদ্ধতি অনুসারে ট্রান্সএক্সেল এর ফল্ট নির্ণয় করা-----	৩৩
জব শীট ১.৬: স্ট্যান্ডার্ড পদ্ধতি অনুযায়ী ট্রান্সফার কেসের ফল্ট নির্ণয় করা-----	৩৪
স্পেসিফিকেশন শীট ১.৬: স্ট্যান্ডার্ড পদ্ধতি অনুযায়ী ট্রান্সফার কেসের ফল্ট নির্ণয় করা-----	৩৫
জব শীট ১.৭: স্ট্যান্ডার্ড পদ্ধতি অনুসারে ডিফারেনশিয়াল এর ফল্ট নির্ণয় করা-----	৩৬
স্পেসিফিকেশন শীট ১.৭: স্ট্যান্ডার্ড পদ্ধতি অনুসারে ডিফারেনশিয়াল এর ফল্ট নির্ণয় করা-----	৩৭
<b>শিখনফল (Learning Outcome) - ২ : ক্লাচ কম্পোনেন্ট সার্ভিসিং করতে পারবে-----</b>	<b>৩৮</b>
প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities) ২: ক্লাচ কম্পোনেন্ট সার্ভিসিং করা-----	৪০
ইনফরমেশন শীট (Information Sheet): ২: ক্লাচ কম্পোনেন্ট সার্ভিসিং করা-----	৪১
সেলফ চেক শীট (Self Check)-২: ক্লাচ কম্পোনেন্ট সার্ভিসিং করা-----	৪৩
উত্তর পত্র (Answer Key)- ২: ক্লাচ কম্পোনেন্ট সার্ভিসিং করা-----	৪৪
জব শীট ২.১: সার্ভিসিং ম্যানুয়াল অনুযায়ী ক্লাচ ফ্লুইড (Fluid) নিষ্কাশন করা-----	৪৫
স্পেসিফিকেশন শীট ২.১: সার্ভিসিং ম্যানুয়াল অনুযায়ী ক্লাচ ফ্লুইড (Fluid) নিষ্কাশন করা-----	৪৬
জব শীট ২.২: ক্লাচ কম্পোনেন্টগুলিকে বিচ্ছিন্ন করুন এবং বিচ্ছিন্ন অংশগুলি ট্যাগ করা-----	৪৭
স্পেসিফিকেশন শীট ২.২: ক্লাচ কম্পোনেন্টগুলিকে বিচ্ছিন্ন করুন এবং বিচ্ছিন্ন অংশগুলি ট্যাগ করা-----	৪৮
জব শীট ২.৩: ক্লাচ কম্পোনেন্টস পরিদর্শন/ইনস্পেকশন করা-----	৪৯
স্পেসিফিকেশন শীট ২.৩: ক্লাচ কম্পোনেন্টস পরিদর্শন/ইনস্পেকশন করা-----	৫০
জব শীট ২.৪: কম্পোনেন্টগুলি সার্ভিসিং করা-----	৫১
স্পেসিফিকেশন শীট ২.৪: কম্পোনেন্টগুলি সার্ভিসিং করা-----	৫২
জব শীট ২.৫: সার্ভিসিং ম্যানুয়াল অনুযায়ী ক্লাচ কম্পোনেন্টগুলি এসেম্বল করা-----	৫৩
স্পেসিফিকেশন শীট ২.৫: সার্ভিসিং ম্যানুয়াল অনুযায়ী ক্লাচ কম্পোনেন্টগুলি এসেম্বল করা-----	৫৪
<b>শিখনফল (Learning Outcome) ৩: ট্রান্সমিশন কম্পোনেন্ট সার্ভিসিং করতে পারবে-----</b>	<b>৫৫</b>
প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities) ৩: ট্রান্সমিশন কম্পোনেন্ট সার্ভিসিং করা-----	৫৬
ইনফরমেশন শীট (Information Sheet): ৩: ট্রান্সমিশন কম্পোনেন্ট সার্ভিসিং করা-----	৫৭
সেলফ চেক শীট (Self-Check)-৩: ট্রান্সমিশন কম্পোনেন্ট সার্ভিসিং করতে পারা-----	৫৯
উত্তর পত্র (Answer Key)- ৩: ট্রান্সমিশন কম্পোনেন্ট সার্ভিসিং করা-----	৬০
টাস্ক শীট ৩.১: সার্ভিসিং ম্যানুয়াল অনুযায়ী ট্রান্সমিশন ফ্লুইড নিষ্কাশন করা-----	৬১
স্পেসিফিকেশন শীট ৩.১: সার্ভিসিং ম্যানুয়াল অনুযায়ী ট্রান্সমিশন ফ্লুইড নিষ্কাশন করা-----	৬২
জব শীট ৩.২: ট্রান্সমিশন কম্পোনেন্টগুলি বিয়োজন করা-----	৬৩
স্পেসিফিকেশন শীট ৩.২: ট্রান্সমিশন কম্পোনেন্টগুলি বিয়োজন করা-----	৬৪
জব শীট ৩.৩: স্ট্যান্ডার্ড পদ্ধতি অনুসারে সার্ভিসিং ম্যানুয়াল অনুযায়ী ট্রান্সমিশন কম্পোনেন্টগুলি সার্ভিসিং করা-----	৬৫
স্পেসিফিকেশন শীট ৩.৩: স্ট্যান্ডার্ড পদ্ধতি অনুসারে সার্ভিসিং ম্যানুয়াল অনুযায়ী ট্রান্সমিশন কম্পোনেন্টগুলি সার্ভিসিং করা-----	৬৬

জব শীট ৩.৪: ট্রান্সমিশন কম্পোনেন্টগুলি এসেম্বল করা	৬৭
স্পেসিফিকেশন শীট ৩.৪: ট্রান্সমিশন কম্পোনেন্টগুলি এসেম্বল করা	৬৮
<b>শিখনফল (Learning Outcome) ৪: ট্রান্সএক্সেল কম্পোনেন্ট সার্ভিসিং করতে পারবে</b>	<b>৬৯</b>
প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities) ৪: ট্রান্সএক্সেল কম্পোনেন্ট সার্ভিসিং করা	৭০
ইনফরমেশন শীট (Information Sheet): ৪: ট্রান্সএক্সেল কম্পোনেন্ট সার্ভিসিং করা	৭১
সেলফ চেক শীট (Self-Check)-৪: ট্রান্সএক্সেল কম্পোনেন্ট সার্ভিসিং করা	৭২
উত্তর পত্র (Answer Key)- ৪: ট্রান্সএক্সেল কম্পোনেন্ট সার্ভিসিং করতে পারা	৭৩
জব শীট ৪.১: সার্ভিসিং ম্যানুয়াল অনুসারে ট্রান্সএক্সেল কম্পোনেন্টগুলিকে বিচ্ছিন্ন করা এবং বিচ্ছিন্ন অংশগুলি ট্যাগ করা	৭৪
স্পেসিফিকেশন শীট ৪.১: সার্ভিসিং ম্যানুয়াল অনুসারে ট্রান্সএক্সেল কম্পোনেন্টগুলিকে বিচ্ছিন্ন করা এবং বিচ্ছিন্ন অংশগুলি ট্যাগ করা	৭৫
জব শীট ৪.২: ট্রান্সএক্সেল কম্পোনেন্টস পরিদর্শন/ইনস্পেকশন করা	৭৬
স্পেসিফিকেশন শীট ৪.২: ট্রান্সএক্সেল কম্পোনেন্টস পরিদর্শন/ইনস্পেকশন করা	৭৭
জব শীট ৪.৩: সার্ভিসিং ম্যানুয়াল অনুযায়ী ট্রান্সএক্সেল কম্পোনেন্টগুলি সার্ভিসিং করা	৭৮
স্পেসিফিকেশন শীট ৪.৩: সার্ভিসিং ম্যানুয়াল অনুযায়ী ট্রান্সএক্সেল কম্পোনেন্টগুলি সার্ভিসিং করা	৭৯
জব শীট ৪.৪: ট্রান্সএক্সেল কম্পোনেন্টগুলি এসেম্বল করা	৮০
স্পেসিফিকেশন শীট ৪.৪: ট্রান্সএক্সেল কম্পোনেন্টগুলি এসেম্বল করা	৮২
<b>শিখনফল (Learning Outcome) ৫ : ট্রান্সফার কেস/ফোর হুইল ড্রাইভ কম্পোনেন্ট সার্ভিসিং করা</b>	<b>৮৩</b>
প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities) ৫: ট্রান্সফার কেস/ফোর হুইল ড্রাইভ কম্পোনেন্ট সার্ভিসিং করা	৮৫
ইনফরমেশন শীট (Information Sheet): ৫: ট্রান্সফার কেস/ফোর হুইল ড্রাইভ কম্পোনেন্ট সার্ভিসিং করা	৮৬
সেলফ চেক শীট (Self-Check)-৫: ট্রান্সফার কেস/ফোর হুইল ড্রাইভ কম্পোনেন্ট সার্ভিসিং করা	৮৮
উত্তর পত্র (Answer Key)- ৫: ট্রান্সফার কেস/ফোর হুইল ড্রাইভ কম্পোনেন্ট সার্ভিসিং করা	৮৯
জব শীট ৫: সার্ভিসিং ম্যানুয়াল অনুযায়ী ট্রান্সফার কেস/ফোর হুইল ড্রাইভ কম্পোনেন্টগুলি সার্ভিসিং করে এসেম্বল করা	৯০
স্পেসিফিকেশন শীট ৫: সার্ভিসিং ম্যানুয়াল অনুযায়ী ট্রান্সফার কেস/ফোর হুইল ড্রাইভ কম্পোনেন্টগুলি সার্ভিসিং করে এসেম্বল করা	৯১
শিখনফল (Learning Outcome) ৬ : প্রপেলার শ্যাফট কম্পোনেন্ট সার্ভিসিং করতে পারবে	৯২
প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities) ৬: প্রপেলার শ্যাফট কম্পোনেন্ট সার্ভিসিং করা	৯৩
ইনফরমেশন শীট (Information Sheet): ৬: প্রপেলার শ্যাফট কম্পোনেন্ট সার্ভিসিং করা	৯৪
সেলফ চেক শীট (Self-Check)-৬: প্রপেলার শ্যাফট কম্পোনেন্ট সার্ভিসিং করা	৯৮
উত্তর পত্র (Answer Key)- ৬: প্রপেলার শ্যাফট কম্পোনেন্ট সার্ভিসিং করতে পারা	৯৯
জব শীট ৬.১: স্ট্যান্ডার্ড পদ্ধতি অনুসরণ করে প্রপেলার শ্যাফটের সমস্যাগুলি নির্ণয় কর	১০০
স্পেসিফিকেশন শীট ৬.১: স্ট্যান্ডার্ড পদ্ধতি অনুসরণ করে প্রপেলার শ্যাফটের সমস্যাগুলি নির্ণয় কর	১০১
জব শীট ৬.২: সার্ভিস ম্যানুয়াল অনুযায়ী প্রপেলার শ্যাফট নামিয়ে প্রয়োজনীয়তা অনুযায়ী সার্ভিস/প্রতিস্থাপন করে কম্পোনেন্ট মান অনুযায়ী এসেম্বল করা	১০২
স্পেসিফিকেশন শীট ৬.২: সার্ভিস ম্যানুয়াল অনুযায়ী প্রপেলার শ্যাফট নামিয়ে প্রয়োজনীয়তা অনুযায়ী সার্ভিস/প্রতিস্থাপন করে কম্পোনেন্ট মান অনুযায়ী এসেম্বল করা	১০৩
<b>শিখনফল (Learning Outcome)- ৭ : চূড়ান্ত (Final) ড্রাইভ এবং ডিফারেন্সিয়াল কম্পোনেন্ট সার্ভিসিং করতে পারা</b>	<b>১০৪</b>
প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities) ৭: চূড়ান্ত ড্রাইভ এবং ডিফারেন্সিয়াল কম্পোনেন্ট সার্ভিসিং করতে পারা	১০৬
ইনফরমেশন শীট (Information Sheet): ৭: চূড়ান্ত (Final) ড্রাইভ এবং ডিফারেন্সিয়াল কম্পোনেন্ট সার্ভিসিং করা	১০৭
সেলফ চেক শীট (Self-Check)-৭: চূড়ান্ত (Final) ড্রাইভ এবং ডিফারেন্সিয়াল কম্পোনেন্ট সার্ভিসিং করা	১১১
উত্তর পত্র (Answer Key)- ৭: চূড়ান্ত (Final) ড্রাইভ এবং ডিফারেন্সিয়াল কম্পোনেন্ট সার্ভিসিং করতে পারা	১১২
জব শীট ৭.১: স্ট্যান্ডার্ড পদ্ধতি অনুসরণ করে Final ড্রাইভ এবং ডিফারেন্সিয়াল সমস্যা চিহ্নিত করা	১১৩
স্পেসিফিকেশন শীট ৭.১: স্ট্যান্ডার্ড পদ্ধতি অনুসরণ করে Final ড্রাইভ এবং ডিফারেন্সিয়াল সমস্যা চিহ্নিত করা	১১৪
জব শীট ৭.২: সার্ভিস (ম্যানুয়াল অনুযায়ী) ডিফারেন্সিয়াল অয়েল/ফ্লুইড পরিবর্তন করা	১১৫
স্পেসিফিকেশন শীট ৭.২: সার্ভিস ম্যানুয়াল অনুযায়ী ডিফারেন্সিয়াল অয়েল/ফ্লুইড পরিবর্তন করা	১১৬
জব শীট ৭.৩: ডিফারেন্সিয়াল নামানো	১১৭
স্পেসিফিকেশন শীট ৭.৩: ডিফারেন্সিয়াল নামানো	১১৮
জব শীট ৭.৪: ব্যাকল্যাশ পরিমাপ করা, চূড়ান্ত ড্রাইভের সঠিক গিয়ার রেশিও পরীক্ষা করে ফলাফলগুলি ব্যাখ্যা করা	১১৯
স্পেসিফিকেশন শীট ৭.৪: ব্যাকল্যাশ পরিমাপ করা, চূড়ান্ত ড্রাইভের সঠিক গিয়ার রেশিও পরীক্ষা করে ফলাফলগুলি ব্যাখ্যা করা	১২০

জব শীট ৭.৫: ডিফারেন্সিয়াল অংশগুলি বিচ্ছিন্ন করা এবং বিচ্ছিন্নকৃত অংশগুলিকে ট্যাগ করা-----	১২১
স্পেসিফিকেশন শীট ৭.৫: ডিফারেন্সিয়াল অংশগুলি বিচ্ছিন্ন করা এবং বিচ্ছিন্নকৃত অংশগুলিকে ট্যাগ করা-----	১২২
জব শীট ৭.৬: প্রয়োজনীয়তা অনুযায়ী ডিফারেন্সিয়াল কম্পোনেন্ট সার্ভিসিং/প্রতিস্থাপন করা -----	১২৩
স্পেসিফিকেশন শীট ৭.৬: প্রয়োজনীয়তা অনুযায়ী ডিফারেন্সিয়াল কম্পোনেন্ট সার্ভিসিং/প্রতিস্থাপন করা -----	১২৪
জব শীট ৭.৭: বিশেষ সার্ভিস সরঞ্জাম (SST) ব্যবহার করে সার্ভিস ম্যানুয়াল এবং স্পেসিফিকেশন অনুযায়ী পার্টসগুলো এসেম্বল করা এবং এ্যাডজাস্ট করা-----	১২৫
স্পেসিফিকেশন শীট ৭.৭: বিশেষ সার্ভিস সরঞ্জাম (SST) ব্যবহার করে সার্ভিস ম্যানুয়াল এবং স্পেসিফিকেশন অনুযায়ী পার্টসগুলো এসেম্বল করা এবং এ্যাডজাস্ট করা-----	১২৬
<b>শিখনফল (Learning Outcome) ৮: ড্রাইভ বা এক্সেল শ্যাফট কম্পোনেন্ট সার্ভিসিং করতে পারবে -----</b>	<b>১২৭</b>
প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities) ৮: ড্রাইভ বা এক্সেল শ্যাফট কম্পোনেন্ট সার্ভিসিং করা-----	১২৮
ইনফরমেশন শীট (Information Sheet) ৮: ড্রাইভ বা এক্সেল শ্যাফট কম্পোনেন্ট সার্ভিসিং করা-----	১২৯
সেলফ চেক শীট (Self-Check)-৮: ড্রাইভ বা এক্সেল শ্যাফট কম্পোনেন্ট সার্ভিসিং করা-----	১৩০
উত্তর পত্র (Answer Key)- ৮: ড্রাইভ বা এক্সেল শ্যাফট কম্পোনেন্ট সার্ভিসিং করা-----	১৩১
জব শীট ৮.১: স্ট্যান্ডার্ড পদ্ধতি অনুসরণ করে ড্রাইভ বা এক্সেল শ্যাফট এর ত্রুটি নির্ণয় কর -----	১৩২
স্পেসিফিকেশন শীট ৮.১: স্ট্যান্ডার্ড পদ্ধতি অনুসরণ করে ড্রাইভ বা এক্সেল শ্যাফট এর ত্রুটি নির্ণয় করা-----	133
জব শীট ৮.২: ড্রাইভ বা এক্সেল শ্যাফট বিচ্ছিন্ন করা, বিচ্ছিন্ন অংশগুলি ট্যাগ ও ত্রুটিপূর্ণ অংশ সার্ভিসিং বা প্রতিস্থাপন করে বিচ্ছিন্ন অংশগুলি এসেম্বল করা-----	১৩৪
স্পেসিফিকেশন শীট ৮.২: ড্রাইভ বা এক্সেল শ্যাফট বিচ্ছিন্ন করা, বিচ্ছিন্ন অংশগুলি ট্যাগ ও ত্রুটিপূর্ণ অংশ সার্ভিসিং বা প্রতিস্থাপন করে বিচ্ছিন্ন অংশগুলি এসেম্বল করা-----	১৩৫
<b>শিখনফল (Learning Outcome)- ৯: হইল বিয়ারিং সার্ভিসিং (গ্রিজিং এবং এডজাস্টিং) করা -----</b>	<b>১৩৬</b>
প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities) ৯: হইল বিয়ারিং সার্ভিসিং (গ্রিজিং এবং এডজাস্টিং) করা-----	১৩৭
ইনফরমেশন শীট (Information Sheet)- ৯: হইল বিয়ারিং সার্ভিসিং (গ্রিজিং এবং এডজাস্টিং) করা -----	১৩৮
সেলফ চেক শীট (Self-Check)-৯: হইল বিয়ারিং সার্ভিসিং (গ্রিজিং এবং এডজাস্টিং) করা-----	১৪২
উত্তর পত্র (Answer Key)- ৯: হইল বিয়ারিং সার্ভিসিং (গ্রিজিং এবং এডজাস্টিং) করা -----	১৪৩
জব শীট ৯.১: বিয়ারিং এর ত্রুটি নির্ণয় করুন।-----	১৪৪
স্পেসিফিকেশন শীট ৯.১: বিয়ারিং এর ত্রুটি নির্ণয় করা -----	১৪৬
জব শীট ৯.২: ত্রুটিযুক্ত হইল বিয়ারিং পরিবর্তন করা -----	147
স্পেসিফিকেশন শীট ৯.২: ত্রুটিযুক্ত হইল বিয়ারিং পরিবর্তন করা-----	১৪৯
<b>শিখনফল (Learning Outcome)- ১০: টুলস পরিষ্কার করে সংরক্ষণ করতে পারবে -----</b>	<b>১৫০</b>
প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities) ১০: টুলস পরিষ্কার করে সংরক্ষণ করা-----	১৫১
ইনফরমেশন শীট (Information Sheet): ১০: টুলস পরিষ্কার করে সংরক্ষণ করা -----	১৫২
সেলফ চেক শীট (Self-Check)- ১০: টুলস পরিষ্কার করে সংরক্ষণ করা-----	১৫৫
উত্তর পত্র (Answer Key)- ১০: টুলস পরিষ্কার করে সংরক্ষণ করা-----	১৫৬
টাস্ক শীট ১০.১: কর্মক্ষেত্রের পদ্ধতি অনুসারে টুলস ও ইকুইপমেন্ট পরিষ্কার এবং সংরক্ষণ করা-----	১৫৮
টাস্ক শীট ১০.২: কর্মক্ষেত্রের ওয়েস্ট ডিসপোস করা -----	১৫৯
<b>দক্ষতা পর্যালোচনা (Review of Competency) -----</b>	<b>১৬০</b>



## মডিউল কন্টেন্ট

ইউ ও সি শিরোনাম	পাওয়ার ট্রেন অভ্যর্থন করন (Overhaul Power Train)
ইউ ও সি কোড	OU-LE-AM-01-L3-V1
মডিউল শিরোনাম	পাওয়ার ট্রেন অভ্যর্থন করন
মডিউলের বর্ণনা	এই মডিউলটি গাড়ি পরিচালনা করার জন্য প্রয়োজনীয় দক্ষতা, জ্ঞান এবং মনোভাব অন্তর্ভুক্ত করা হয়েছে। এতে ট্রান্সমিশন ব্যর্থ হওয়ার কারন নির্ণয় করা, ক্লাচ কম্পোনেন্ট সার্ভিসিং করা, ট্রান্সমিশন কম্পোনেন্ট সার্ভিসিং করা, ট্রান্সএক্সেল কম্পোনেন্ট সার্ভিসিং করা, ট্রান্সফার কেস/ফোর হইল ড্রাইভ কম্পোনেন্ট সার্ভিসিং করা, প্রপেলার স্যান্ট কম্পোনেন্ট সার্ভিসিং করা, চুড়ান্ত (Final) ড্রাইভ এবং ডিফারেনসিয়াল কম্পোনেন্ট সার্ভিসিং করা, ড্রাইভ বা এক্সেল স্যাঙ্ক কম্পোনেন্ট সার্ভিসিং করা, হইল বিয়ারিং এবং উহার কম্পোনেন্ট সার্ভিসিং করা ও টুলস পরিষ্কার করে সংরক্ষণ করার দক্ষতাসমূহ অন্তর্ভুক্ত করা হয়েছে।
নমিনাল সময়	১০০ ঘন্টা
শিখনফল	এই মডিউলটি সম্পন্ন করার পর প্রশিক্ষার্থীরা নিম্ন বর্ণিত কাজ গুলো করতে পারবেন। ১. ট্রান্সমিশন ব্যর্থ হওয়ার কারন নির্ণয় করতে পারবে ২. ক্লাচ কম্পোনেন্ট সার্ভিসিং করতে পারবে ৩. ট্রান্সমিশন কম্পোনেন্ট সার্ভিসিং করতে পারবে ৪. ট্রান্সএক্সেল কম্পোনেন্ট সার্ভিসিং করতে পারবে ৫. ট্রান্সফার কেস/ফোর হইল ড্রাইভ কম্পোনেন্ট সার্ভিসিং করতে পারবে ৬. প্রপেলার স্যাঙ্ক কম্পোনেন্ট সার্ভিসিং করতে পারবে ৭. চুড়ান্ত (Final) ড্রাইভ এবং ডিফারেনসিয়াল কম্পোনেন্ট সার্ভিসিং করতে পারবে ৮. ড্রাইভ বা এক্সেল শ্যাফট কম্পোনেন্ট সার্ভিসিং করতে পারবে ৯. হইল বিয়ারিং এবং উহার কম্পোনেন্ট সার্ভিসিং করতে পারবে ১০. টুলস এবং ইকুইপমেন্ট পরিষ্কার করে সংরক্ষণ করতে পারবে

### অ্যাসেসমেন্ট ক্রাইটেরিয়া: (Assessment Criteria)

১. টুলস এবং ইকুইপমেন্ট নির্বাচন এবং সংগ্রহ করা হয়েছে।
২. উপকরণ এবং ব্যবহারযোগ্য পন্য নির্বাচন এবং সংগ্রহ করা হয়েছে
৩. পাওয়ার ট্রেনের কম্পোনেন্ট চিহ্নিত করা হয়েছে।
৪. স্ট্যান্ডার্ড পদ্ধতি অনুসারে ক্লাচ এর ফল্ট নির্ণয় এবং সনাক্ত করা হয়েছে
৫. স্ট্যান্ডার্ড পদ্ধতি অনুসারে ট্রান্সমিশন এর ফল্ট নির্ণয় এবং সনাক্ত করা হয়েছে
৬. স্ট্যান্ডার্ড পদ্ধতি অনুসারে ট্রান্সএক্সেল এর ফল্ট নির্ণয় এবং সনাক্ত করা হয়েছে
৭. স্ট্যান্ডার্ড পদ্ধতি অনুযায়ী স্থানান্তর ক্ষেত্রের ফল্ট নির্ণয় করা এবং সনাক্ত করা হয়েছে
৮. স্ট্যান্ডার্ড পদ্ধতি অনুসারে ডিফারেনসিয়াল এর ফল্ট নির্ণয় এবং সনাক্ত করা হয়েছে
৯. স্ট্যান্ডার্ড পদ্ধতি অনুযায়ী ক্লাচ ফ্লুইড নিষ্কাশন করা হয়েছে
১০. স্ট্যান্ডার্ড পদ্ধতি অনুসারে ক্লাচ কম্পোনেন্টগুলিকে বিচ্ছিন্ন করা এবং বিচ্ছিন্ন অংশগুলি ট্যাগ করা হয়েছে
১১. স্ট্যান্ডার্ড পদ্ধতি অনুসরণ করে ক্লাচ কম্পোনেন্টস পরিদর্শন/ইনস্পেকশন করা হয়েছে

১২. সার্ভিসিং ম্যানুয়াল অনুযায়ী কম্পোনেন্টগুলি সার্ভিসিং করা হয়েছে
১৩. সার্ভিসিং ম্যানুয়াল অনুযায়ী ক্লাচ কম্পোনেন্টগুলি এসেম্বল করা হয়েছে
১৪. কার্যকারিতা যাচাই করার জন্য ড্রাইভ পরীক্ষা করা হয় এবং প্রয়োজনীয়তা অনুযায়ী এডজাস্ট করা হয়েছে।
১৫. স্ট্যান্ডার্ড পদ্ধতি অনুযায়ী ট্রান্সমিশন ফ্লুইড নিষ্কাশন করা হয়েছে
১৬. স্ট্যান্ডার্ড পদ্ধতি অনুসারে ট্রান্সমিশন কম্পোনেন্টগুলিকে বিচ্ছিন্ন করা এবং বিচ্ছিন্ন অংশগুলি ট্যাগ করা হয়েছে
১৭. ট্রান্সমিশন কম্পোনেন্টস পরিদর্শন/ইনস্পেকশন করা হয়েছে
১৮. সার্ভিসিং ম্যানুয়াল অনুযায়ী কম্পোনেন্টগুলি সার্ভিসিং করা হয়েছে
১৯. সার্ভিসিং ম্যানুয়াল অনুযায়ী ট্রান্সমিশন কম্পোনেন্টগুলি এসেম্বল করা হয়েছে
২০. কার্যকারিতা যাচাই করার জন্য ড্রাইভ পরীক্ষা করা হয়েছে এবং প্রয়োজন অনুযায়ী এডজাস্ট করা হয়েছে।
২১. স্ট্যান্ডার্ড পদ্ধতি অনুযায়ী ট্রান্সএক্সেল ফ্লুইড নিষ্কাশন করা হয়েছে।
২২. স্ট্যান্ডার্ড পদ্ধতি অনুসারে ট্রান্সএক্সেল কম্পোনেন্টগুলিকে বিচ্ছিন্ন করা এবং বিচ্ছিন্ন অংশগুলি ট্যাগ করা হয়েছে
২৩. ট্রান্সএক্সেল কম্পোনেন্টস পরিদর্শন/ইনস্পেকশন করা হয়েছে
২৪. সার্ভিসিং ম্যানুয়াল অনুযায়ী কম্পোনেন্টগুলি সার্ভিসিং করা হয়েছে
২৫. সার্ভিসিং ম্যানুয়াল অনুযায়ী ট্রান্সএক্সেল কম্পোনেন্টগুলি এসেম্বল করা হয়েছে
২৬. কার্যকারিতা যাচাই করার জন্য ড্রাইভ পরীক্ষা করা হয়েছে
২৭. প্রয়োজনীয়তা অনুযায়ী এডজাস্ট করা হয়েছে।
২৮. স্ট্যান্ডার্ড পদ্ধতি অনুযায়ী ট্রান্সফার কেস/ফোর হইল ড্রাইভ ফ্লুইড নিষ্কাশন করা হয়েছে
২৯. স্ট্যান্ডার্ড পদ্ধতি অনুসারে ট্রান্সফার কেস/ফোর হইল ড্রাইভ কম্পোনেন্ট গুলিকে বিচ্ছিন্ন করা এবং বিচ্ছিন্ন অংশগুলি ট্যাগ করা হয়েছে
৩০. ট্রান্সফার কেস/ফোর হইল ড্রাইভ কম্পোনেন্টস পরিদর্শন/ইনস্পেকশন করা হয়েছে
৩১. সার্ভিসিং ম্যানুয়াল অনুযায়ী কম্পোনেন্টগুলি সার্ভিসিং করা হয়েছে
৩২. সার্ভিসিং ম্যানুয়াল অনুযায়ী ট্রান্সফার কেস/ফোর হইল ড্রাইভ কম্পোনেন্টগুলি এসেম্বল করা হয়েছে
৩৩. কার্যকারিতা যাচাই করার জন্য ড্রাইভ পরীক্ষা করা হয়েছে
৩৪. প্রয়োজনীয়তা অনুযায়ী এডজাস্ট করা হয়েছে।
৩৫. স্ট্যান্ডার্ড পদ্ধতি অনুসরণ করে প্রপেলার শ্যাফটের সমস্যাগুলি নির্ণয় করা হয়েছে
৩৬. সার্ভিস ম্যানুয়াল অনুযায়ী প্রপেলার শ্যাফট নামিয়ে (Dismount) নেয়া হয়েছে
৩৭. প্রয়োজনীয়তা অনুযায়ী প্রপেলার শ্যাফট সার্ভিস/প্রতিস্থাপন করা হয়েছে
৩৮. প্রপেলার শ্যাফট কম্পোনেন্ট মান অনুযায়ী একত্রিত করা হয়েছে।
৩৯. স্ট্যান্ডার্ড পদ্ধতি অনুসরণ করে Final ড্রাইভ এবং ডিফারেনশিয়াল সমস্যা চিহ্নিত করুন।
৪০. সার্ভিস ম্যানুয়াল অনুযায়ী ডিফারেনশিয়াল তেল পরিবর্তন করুন।
৪১. সার্ভিস ম্যানুয়াল অনুসারে ডিফারেনশিয়াল নামানো (Dismount) হয়েছে
৪২. ত্রুটিপূর্ণ অংশগুলি সনাক্ত ও বিশ্লেষণ করা হয়েছে এবং প্রয়োজনীয় প্রতিকারমূলক পদক্ষেপের সুপারিশ করা হয়েছে
৪৩. ব্যাকল্যাশ পরিমাপ করা, চূড়ান্ত ড্রাইভের সঠিক গিয়ার রেশিও পরীক্ষা করা
৪৪. ফলাফলগুলি ব্যাখ্যা করা হয়েছে সার্ভিস ম্যানুয়াল অনুযায়ী ডিফারেনশিয়াল অংশগুলি বিচ্ছিন্ন করা এবং বিচ্ছিন্নকৃত অংশগুলিকে ট্যাগ করুন।
৪৫. প্রয়োজনীয়তা অনুযায়ী ডিফারেনশিয়াল কম্পোনেন্ট সার্ভিসিং/প্রতিস্থাপন করা হয়েছে
৪৬. বিশেষ সার্ভিস সরঞ্জাম (SST) ব্যবহার করে সার্ভিস ম্যানুয়াল এবং স্পেসিফিকেশন অনুযায়ী অংশগুলি এসেম্বল করা এবং এডজাস্ট করা হয়েছে
৪৭. কার্যকারিতা যাচাই করার জন্য ড্রাইভ পরীক্ষা করা হয়েছে
৪৮. প্রয়োজনীয়তা অনুযায়ী এডজাস্ট করা হয়েছে।
৪৯. স্ট্যান্ডার্ড পদ্ধতি অনুসরণ করে ড্রাইভ বা এক্সেল শ্যাফট এর ত্রুটি নির্ণয় করা হয়েছে
৫০. সার্ভিসিং ম্যানুয়াল অনুসারে ড্রাইভ বা এক্সেল শ্যাফট বিচ্ছিন্ন করা এবং বিচ্ছিন্ন অংশগুলি ট্যাগ করা হয়েছে
৫১. ত্রুটিপূর্ণ অংশ চিহ্নিত করা হয়েছে এবং বিশ্লেষণ করে প্রতিকারমূলক পদক্ষেপের সুপারিশ করা হয়েছে
৫২. স্ট্যান্ডার্ড পদ্ধতি অনুসরণ করে ত্রুটিপূর্ণ অংশ সার্ভিসিং বা প্রতিস্থাপন করা হয়েছে

৫৩. বিচ্ছিন্ন অংশগুলি এসেম্বল করা হয়েছে
৫৪. কার্যকারিতা যাচাই করার জন্য ড্রাইভ পরীক্ষা করা হয়েছে
৫৫. প্রয়োজনীয়তা অনুযায়ী এডজাস্ট করা হয়েছে।
৫৬. স্ট্যান্ডার্ড পদ্ধতি অনুসরণ করে হইল বিয়ারিং সমস্যা নির্ণয় করা হয়েছে
৫৭. সার্ভিস ম্যানুয়াল অনুযায়ী হইল হাব এবং বিয়ারিং আলাদা করা হয়েছে।
৫৮. ত্রুটিপূর্ণ অংশ চিহ্নিত ও বিশ্লেষণ করা হয়েছে
৫৯. প্রয়োজন অনুযায়ী স্ট্যান্ডার্ড পদ্ধতি অনুসারে বিয়ারিং প্রতিস্থাপন বা গ্রিজিং ও এডজাস্ট করা হয়েছে
৬০. সার্ভিস ম্যানুয়াল এবং স্পেসিফিকেশন অনুযায়ী হইল হাব এবং বিয়ারিং একত্রিত করে এডজাস্ট করা হয়েছে
৬১. কার্যকারিতা যাচাই করার জন্য টেস্ট ড্রাইভে সম্পন্ন করা হয়েছে
৬২. প্রয়োজন অনুযায়ী সামঞ্জস্য করা হয়েছে।
৬৩. টুলস ও ইকুইপমেন্ট পরিষ্কার করে সংরক্ষণ করতে সক্ষম হয়েছে
৬৪. কর্মক্ষেত্রের পদ্ধতি অনুসারে ওয়েস্ট মেটেরিয়াল ডিসপোস করা হয়েছে
৬৫. কর্মক্ষেত্রের মান অনুযায়ী কর্ম ক্ষেত্র পরিষ্কার করা হয়েছে।

শিখনফল (Learning Outcome)- ১: ট্রান্সমিশন ব্যর্থ হওয়ার কারন নির্ণয় করতে পারবে

<p>অ্যাসেসমেন্ট মানদন্ড</p>	<ol style="list-style-type: none"> <li>১. টুলস এবং ইকুইপমেন্ট নির্বাচন এবং সংগ্রহ করা হয়েছে।</li> <li>২. উপকরণ এবং ব্যবহারযোগ্য পন্য নির্বাচন এবং সংগ্রহ করা হয়েছে</li> <li>৩. পাওয়ার ট্রেনের কম্পোনেন্ট চিহ্নিত করা হয়েছে।</li> <li>৪. স্ট্যান্ডার্ড পদ্ধতি অনুসারে ক্লাচ এর ফল্ট নির্ণয় এবং সনাক্ত করা হয়েছে</li> <li>৫. স্ট্যান্ডার্ড পদ্ধতি অনুসারে ট্রান্সমিশন এর ফল্ট নির্ণয় এবং সনাক্ত করা হয়েছে</li> <li>৬. স্ট্যান্ডার্ড পদ্ধতি অনুসারে ট্রান্সএক্সেল এর ফল্ট নির্ণয় এবং সনাক্ত করা হয়েছে</li> <li>৭. স্ট্যান্ডার্ড পদ্ধতি অনুযায়ী স্থানান্তর ক্ষেত্রের ফল্ট নির্ণয় করা এবং সনাক্ত করা হয়েছে</li> <li>৮. স্ট্যান্ডার্ড পদ্ধতি অনুসারে ডিফারেনশিয়াল এর ফল্ট নির্ণয় এবং সনাক্ত করা হয়েছে</li> </ol>
<p>শর্ত ও রিসোর্স</p>	<ol style="list-style-type: none"> <li>১. প্রকৃত কর্মক্ষেত্রে অথবা প্রশিক্ষণ পরিবেশ</li> <li>২. সিবিএলএম</li> <li>৩. হ্যান্ডআউটস</li> <li>৪. ল্যাপটপ/কম্পিউটার</li> <li>৫. মাল্টিমিডিয়া প্রজেক্টর</li> <li>৬. কাগজ, কলম, পেন্সিল, ইরেজার</li> <li>৭. ইন্টারনেট সুবিধা</li> <li>৮. হোয়াইট বোর্ড ও মার্কার</li> <li>৯. অডিও এবং ভিডিও ডিভাইস</li> <li>১০. প্রয়োজনীয় পিপিই</li> <li>১১. টুলস এবং ইকুইপমেন্ট</li> <li>১২. উপকরণ এবং ব্যবহারযোগ্য পন্য</li> </ol>
<p>বিষয়বস্তু</p>	<ol style="list-style-type: none"> <li>১. প্রয়োজনীয় টুলস এবং ইকুইপমেন্ট</li> <li>২. প্রয়োজনীয় উপকরণ এবং ব্যবহারযোগ্য পন্য</li> <li>৩. পাওয়ার ট্রেনের কম্পোনেন্ট</li> <li>৪. স্ট্যান্ডার্ড পদ্ধতি</li> <li>৫. ক্লাচ ও উহার কাজ</li> <li>৬. ক্লাচের সম্ভাব্য ত্রুটিসমূহ</li> <li>৭. টর্ক কনভার্টার ও প্লানেটারি গিয়ার</li> <li>৮. ট্রান্সমিশন এর কাজ</li> <li>৯. ট্রান্সমিশন এর কম্পোনেন্ট ও উহার কাজ</li> <li>১০. ট্রান্সমিশন এর প্রকারভেদ ও উহার সম্ভাব্য ফল্ট</li> <li>১১. ট্রান্সএক্সেল এর কাজ</li> <li>১২. ট্রান্সএক্সেল এর কম্পোনেন্ট ও উহার কাজ</li> <li>১৩. ট্রান্সএক্সেল এর প্রকারভেদ ও উহার সম্ভাব্য ফল্ট</li> <li>১৪. ট্রান্সফার কেস (Transfer Case) এর সজ্জা</li> </ol>

	<p>১৫. ট্রান্সফার কেস (Transfer Case) এর কাজ</p> <p>১৬. ট্রান্সফার কেস (Transfer Case) এর সম্ভাস্য ফল্ট</p> <p>১৭. ডিফারেনশিয়াল ও উহার কাজ</p> <p>১৮. ডিফারেনশিয়াল এর কম্পোনেন্ট ও উহার কাজ</p> <p>১৯. ডিফারেনশিয়াল এর সম্ভাস্য ফল্ট</p>
এক্টিভিটি	<p>১. টুলস এবং ইকুইপমেন্ট চিহ্নিত করুন</p> <p>২. পাওয়ার ট্রেনের কম্পোনেন্ট চিহ্নিত করুন</p> <p>৩. স্ট্যান্ডার্ড পদ্ধতি অনুসারে ক্লাচ এর ফল্ট নির্ণয় করুন</p> <p>৪. স্ট্যান্ডার্ড পদ্ধতি অনুসারে ট্রান্সমিশন এর ফল্ট নির্ণয় করুন</p> <p>৫. টর্ক কনভার্টার ও প্লানেটারি গিয়ার এর ত্রুটি নির্ণয় করুন</p> <p>৬. স্ট্যান্ডার্ড পদ্ধতি অনুসারে ট্রান্সএক্সেল এর ফল্ট নির্ণয় করুন</p> <p>৭. স্ট্যান্ডার্ড পদ্ধতি অনুযায়ী ট্রান্সফার কেসের ফল্ট নির্ণয় করুন</p> <p>৮. স্ট্যান্ডার্ড পদ্ধতি অনুসারে ডিফারেনশিয়াল এর ফল্ট নির্ণয় করুন</p>
প্রশিক্ষণ পদ্ধতি	<p>১. আলোচনা (Discussion)</p> <p>২. উপস্থাপন (Presentation)</p> <p>৩. প্রদর্শন (Demonstration)</p> <p>৪. নির্দেশিত অনুশীলন (Guided Practice)</p> <p>৫. স্বতন্ত্র অনুশীলন (Individual Practice)</p> <p>৬. প্রজেক্ট ওয়ার্ক (Project Work)</p> <p>৭. সমস্যা সমাধান (Problem Solving)</p> <p>৮. মাথাখাটানো (Brainstorming)</p>
অ্যাসেসমেন্ট পদ্ধতি	<p>১. লিখিত অভীক্ষা (Written Test)</p> <p>২. প্রদর্শন (Demonstration)</p> <p>৩. মৌখিক প্রশ্ন (Oral Questioning)</p> <p>৪. পোর্টফলিও (Portfolio)</p>

## শিক্ষাণ/প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities) -১ : ট্রান্সমিশন ব্যর্থ হওয়ার কারন নির্ণয় করা

এই শিখনফল অর্জনের লক্ষ্যে শিখনফলে অন্তর্ভুক্ত বিষয়বস্তু এবং পারফরম্যান্স ক্রাইটেরিয়া অর্জনের জন্য নিম্নলিখিত কার্যক্রমগুলো পর্যায়ক্রমে সম্পাদন করুন। কার্যক্রমগুলোর জন্য বর্ণিত রিসোর্সসমূহ ব্যবহার করুন।

শিখন কার্যক্রম (Learning Activities)	উপকরণ / বিশেষ নির্দেশনা (Resources / Special instructions)
১. প্রশিক্ষার্থীগণ কোন শিক্ষা উপকরণ ব্যবহার করবে সে সম্পর্কে প্রশিক্ষকের নিকট জানতে চাইবে	১. প্রশিক্ষক প্রশিক্ষার্থীদের “১. ট্রান্সমিশন ব্যর্থ হওয়ার কারন নির্ণয় করতে পারা” শেখার উপকরণ প্রদান করবেন
২. ইনফরমেশন শীট পড়তে হবে।	২. ইনফরমেশন শীট ১ : ট্রান্সমিশন ব্যর্থ হওয়ার কারন নির্ণয় করা
৩. সেলফ চেকে প্রদত্ত প্রশ্নগুলোর উত্তর প্রদান করুন এবং উত্তরপত্রের সাথে মিলিয়ে নিশ্চিত হতে হবে।	৩. সেলফ-চেক শীট ১ -এ দেয়া প্রশ্নগুলোর উত্তর প্রদান করুন। উত্তরপত্র ১ -এর সাথে নিজের উত্তর মিলিয়ে নিশ্চিত করুন।
৪. জব/টাস্ক শীট ও স্পেসিফিকেশন শীট অনুযায়ী জব সম্পাদন করুন।	৪. নিম্নোক্ত জব/টাস্ক শীট অনুযায়ী জব/টাস্ক সম্পাদন করুন টাস্ক শীট ১.১: টুলস এবং ইকুইপমেন্ট চিহ্নিত করা স্পেসিফিকেশন শীট ১.১: টুলস এবং ইকুইপমেন্ট চিহ্নিত করা টাস্ক শীট ১.২: পাওয়ার ট্রেনের কম্পোনেন্ট চিহ্নিত করা স্পেসিফিকেশন শীট ১.২: পাওয়ার ট্রেনের কম্পোনেন্ট চিহ্নিত করা জব শীট ১.৩: স্ট্যান্ডার্ড পদ্ধতি অনুসারে ক্লাচ এর ফল্ট নির্ণয় করা স্পেসিফিকেশন শীট ১.৩: স্ট্যান্ডার্ড পদ্ধতি অনুসারে ক্লাচ এর ফল্ট নির্ণয় করা জব শীট ১.৪: স্ট্যান্ডার্ড পদ্ধতি অনুসারে ট্রান্সমিশন এর ফল্ট নির্ণয় করা স্পেসিফিকেশন ১.৪: স্ট্যান্ডার্ড পদ্ধতি অনুসারে ট্রান্সমিশন এর ফল্ট নির্ণয় করুন জব শীট ১.৫: টর্ক কনভার্টার ও প্লানেটারি গিয়ার এর ত্রুটি নির্ণয় করা স্পেসিফিকেশন শীট ১.৫: টর্ক কনভার্টার ও প্লানেটারি গিয়ার এর ত্রুটি নির্ণয় করা জব শীট ১.৬: স্ট্যান্ডার্ড পদ্ধতি অনুসারে ট্রান্সএক্সেল এর ফল্ট নির্ণয় করা স্পেসিফিকেশন শীট ১.৬: স্ট্যান্ডার্ড পদ্ধতি অনুসারে ট্রান্সএক্সেল এর ফল্ট নির্ণয় করুন জব শীট ১.৭: স্ট্যান্ডার্ড পদ্ধতি অনুযায়ী স্থানান্তর ক্ষেত্রের ফল্ট নির্ণয় করা স্পেসিফিকেশন শীট ১.৭: স্ট্যান্ডার্ড পদ্ধতি অনুযায়ী স্থানান্তর ক্ষেত্রের ফল্ট নির্ণয় করা জব শীট ১.৮: স্ট্যান্ডার্ড পদ্ধতি অনুসারে ডিফারেনশিয়াল এর ফল্ট নির্ণয় করা স্পেসিফিকেশন শীট ১.৮: স্ট্যান্ডার্ড পদ্ধতি অনুসারে ডিফারেনশিয়াল এর ফল্ট নির্ণয় করা



## ইনফরমেশন শীট (Information Sheet) ১: ট্রান্সমিশন ব্যর্থ হওয়ার কারন নির্ণয় করা







### শিখন উদ্দেশ্য (Learning Objective):

এই ইনফরমেশন শীট পড়ে শিক্ষার্থীগণ নিম্নোক্ত বিষয়গুলো ব্যখ্যা করতে, বর্ণনা করতে ও তথ্যগুলো কাজে প্রয়োগ করতে পারবে




- ১.১ প্রয়োজনীয় টুলস এবং ইকুইপমেন্ট
- ১.২ প্রয়োজনীয় উপকরণ এবং ব্যবহারযোগ্য পন্য
- ১.৩ পাওয়ার ট্রেনের কম্পোনেন্ট
- ১.৪ স্ট্যান্ডার্ড পদ্ধতি
- ১.৫ ক্লাচ ও উহার কাজ
- ১.৬ ক্লাচের সম্ভাব্য ত্রুটিসমূহ
- ১.৭ টর্ক কনভার্টার ও প্লানেটারি গিয়ার
- ১.৮ ট্রান্সমিশন এর কাজ
- ১.৯ ট্রান্সমিশন এর কম্পোনেন্ট ও উহার কাজ
- ১.১০ ট্রান্সমিশন এর প্রকারভেদ ও উহার সম্ভাব্য ফল্ট
- ১.১১ ট্রান্সএক্সেল এর কাজ
- ১.১২ ট্রান্সএক্সেল এর কম্পোনেন্ট ও উহার কাজ
- ১.১৩ ট্রান্সএক্সেল এর প্রকারভেদ ও উহার সম্ভাব্য ফল্ট
- ১.১৪ ট্রান্সফার কেস (Transfer Case) এর সজ্জা
- ১.১৫ ট্রান্সফার কেস (Transfer Case) এর কাজ
- ১.১৬ ট্রান্সফার কেস (Transfer Case) এর সম্ভাব্য ফল্ট
- ১.১৭ ডিফারেনশিয়াল ও উহার কাজ
- ১.১৮ ডিফারেনশিয়াল এর কম্পোনেন্ট ও উহার কাজ
- ১.১৯ ডিফারেনশিয়াল এর সম্ভাব্য ফল্ট

### ১.১ টুলস এবং ইকুইপমেন্ট


নাম ও কাজ	চিত্র
ক. কফট/সাপোর্ট স্ট্যান্ড (Lift/Support Stand): গাড়িকে উচু করিয়া চাকা বদল এবংকাজ করার জন্য ব্যবহার করা হয়, এই যন্ত্রটির মধ্যে বিশেষ সুরক্ষা ব্যবস্থা রয়েছে যাতে সেগুলিকে লোডের মধ্যে আটকে রাখা যায়।	
খ. মাল্টি স্ক্যানার (Multi Scanner): গাড়ির ইঞ্জিন বা ইলেকট্রনিক সিস্টেমের সমস্যা নিরীক্ষণ এবং নির্ণয়ের জন্য, একটি গাড়ি স্ক্যানার একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ যন্ত্র হিসাবে ব্যবহৃত হয়ে আসছে। এই টুলটি ইঞ্জিনের ত্রুটি কোডগুলি পড়তে এবং পরিষ্কার করতে, ইঞ্জিন সিস্টেমকে চেক ও বিভিন্ন সমস্যা নির্ণয় করতে ব্যবহৃত হয়।	






<p>গ. <b>অসিলোস্কোপ (Osilloscope):</b> একটি অসিলোস্কোপ হল একটি পরীক্ষাগার যন্ত্র যা সাধারণত বৈদ্যুতিক সংকেতের তরঙ্গরূপ প্রদর্শন এবং বিশ্লেষণ করতে ব্যবহৃত হয়।</p>	
<p>ঘ. <b>ট্রান্সমিশন জ্যাক (Transmission Jack):</b> ট্রান্সমিশন জ্যাক এর সাহায্যে গাড়িকে উপরে উঠানো হয়।</p>	
<p>ঙ. <b>স্ন্যাপ রিং এক্সপেন্ডার(ইন/আউট (Snap ring expander(in/out):</b> এই স্ন্যাপ রিং এক্সপেন্ডার দিয়ে, অভ্যন্তরীণ এবং বাহ্যিক ধরে রাখা রিং এবং সারক্লিপ গুলি সরাতে এবং ইনস্টল করতে এটি ব্যবহার করা হয়।</p>	
<p>চ. <b>বিয়ারিং পুলার (Bearing Puller):</b> বিয়ারিং পুলার সাধারণত এক্সেল বিয়ারিং, স্প্রায়েট, পিনিয়ন, ইত্যাদি খোলার কাজে ব্যবহৃত হয়।</p>	
<p>ছ. <b>ড্রিপট পাঞ্চ (Drift Punch):</b> একটি ড্রিফ্ট পাঞ্চ, বা ড্রিফ্ট পিন, বা লাইনআপ পাঞ্চ, একটি ফাস্টেনার ঢোকানোর আগে বল্ট বা রিভেট গর্তগুলিকে সারিবদ্ধ করতে সহায়তা হিসাবে ব্যবহৃত হয়। একটি ড্রিফ্ট পাঞ্চ একটি টেম্পারড রড হিসাবে তৈরি করা হয়, হাতুড়িটি ট্যাপারের বড় প্রান্তে কাজ করে। একটি ড্রিফ্ট পাঞ্চের দীর্ঘ প্রান্তটি দুটি পৃথক উপাদানের আধা-সারিবদ্ধ বোল্টের গর্তে স্থাপন করা হয় এবং তারপরে গর্তে চালিত হয়। এটি চালিত হওয়ার সাথে সাথে, টেম্পার দুটি উপাদানকে সারিবদ্ধ করতে বাধ্য করে, যা ফাস্টেনারকে সহজে সন্নিবেশ করার অনুমতি দেয়।</p>	
<p>জ. <b>বেসিক হ্যান্ড টুলস সেট (Basic hand tools set):</b> বেসিক হ্যান্ড টুল হল যে কোনো টুলস সেটের মধ্যে অনেক গুলি টুলস তাকে যা মোটরের পরিবর্তে হাত দ্বারা চালিত হয় কাজ করা হয়। বেসিক হ্যান্ড টুলস এর ক্যাটাগরির মধ্যে রয়েছে রেঞ্চ, প্লায়ার, কাটার, ফাইল, স্ট্রাইকিং টুল, হ্যামার টুলস, স্ক্রু ড্রাইভার, ক্ল্যাম্প, স্লিপস, হ্যাকস, ড্রিলস এবং ছুরি।</p>	

<p>ঝ. বেঞ্চ ভাইস (<b>Bench Vice</b>): অটোমোবাইল ওয়ার্কশপে বিভিন্ন ওয়ার্ক পিসকে ধরিয়ে কাজ করার জন্য ব্যবহৃত হয়।</p>	
<p>ঞ. বিশেষ পরিষেবা সরঞ্জাম (<b>এসএসটি</b>) (<b>Special Service tools (SST)</b>): বিশেষ পরিষেবা টুলস, একটি খুব নির্দিষ্ট কাজ সম্পাদনের জন্য ডিজাইন করা হয়। একটি কম্পোনেন্ট ঠিক করতে ব্যবহৃত হয় যা একটি আদর্শ টুলস দ্বারা সহজে মেরামত করা যায় না, SST গুলি সাধারণত গাড়ির ডিজাইনের উপর নির্ভর করে তৈরি করা হয় যাতে প্রয়োজনে গাড়িটিকে সঠিকভাবে মেরামত করতে পারা যায়।</p>	
<p>ট. ডায়াল গেজ (<b>Dial gauge</b>): এটি একটি বিশেষ ধরনের গেজ। এর একটি বিশেষ ধরনের ডায়াল আছে। ক্ষয়ের পরিমাণ অনুসারে ডায়ালের ইন্ডিকেটর ডায়ালের উপর নড়াচড়া করে। এর একটি লম্বা হ্যান্ডেল আছে এবং কয়েকটি এক্সটেনশন বার (<b>Extention Bar</b>) আছে। ওই বারগুলি বিভিন্ন মাপের হয়। সিলিন্ডার ছোট বড় হলে সে অনুসারে ছোট এবং বড় ডায়ালের সাথে যুক্ত করা হয়। লম্বা হ্যান্ডেলটি ডায়ালের সাথে প্রবেশ করানো হয়। এই মাপের তারতম্য থেকেই জানা যায় যে সিলিন্ডারটি কোথায়, কতটুকু ক্ষয়প্রাপ্ত হয়েছে। এ থেকে সিদ্ধান্ত নেয়া যাবে সিলিন্ডারটি বোরিং করতে হবে কিনা।</p>	
<p>ঠ. গ্রিজ গান (<b>Grease Gun</b>): যা দ্বারা ঘূর্ণায়মান যন্ত্রাংশকে পিচ্ছিল করার জন্য গ্রীজিং করার কাজে ব্যবহৃত হয়।</p>	
<p>ড. ওয়েল গান (<b>Oil Gun</b>): বিভিন্ন যন্ত্রাংশে ওয়েল দেয়ার কাজে ওয়েল গান ব্যবহৃত হয়।</p>	
<p>ঢ. এক্সেল পুলার (<b>Axle Puller</b>): এক্সেল খোলার কাজে এক্সেল পুলার ব্যবহৃত হয়।</p>	

<p>গ. হাইড্রোলিক প্রেস (<b>Hydraulic Press</b>): এটির সাহায্যে বিভিন্ন যন্ত্রাংশের উপর চাপ প্রয়োগ করে কাজ সম্পন্ন করা হয়। অত্যাধিক চাপে কোনো জিনিসের সংযোজন বা বিয়োজন করা হয়।</p>	 <p>চিত্র: গ) হাইড্রোলিক প্রেস</p>
<p>ত. টর্ক রেঞ্চ (<b>Torque Wrench</b>): এই রেঞ্চের সাহায্যে সব নাট বোল্ড সঠিক টর্কে আটকানো যায়। ইঞ্জিনের যন্ত্রাংশ অতিরিক্ত টাইট বা ঢিলা করে আটকানো উচিত নয়। এই রেঞ্চের হ্যান্ডেলের সাথে সকেট রেঞ্চ যুক্ত করে আটকানো হয়। এই রেঞ্চের হ্যান্ডেলের সঙ্গে একটি মিটার গেজ থাকে। নাট অথবা বোল্ট আটকানোর সময় ঐ মিটারের সাহায্যে কি পরিমাণ টর্কে টাইট দেওয়া হয়েছে তা বুঝা যায়। পূর্বে থেকে নির্ধারিত টর্কে সেট করে নিয়ে নাট/বোল্ট টাইট দেওয়ার কাজে ব্যবহার করা হয়। নির্ধারিত টর্কে পৌঁছানো মাত্র একটি শব্দ করে, জানান দেয় যে নির্ধারিত টর্কের পৌঁছে গেছে।</p>	
<p>থ. প্রি-লোড গেজ (<b>Pre-load gauge</b>): প্রি-লোড গেজ পিনিয়নের সাথে সংযোগ করে শক্ত করে ধরার পরে পিনিয়ন বিয়ারিংয়ের ঘূর্ণন সজ্জা (Rotation) পরিমাপ করতে ব্যবহৃত হয়।</p>	

## ১.২ উপকরণ এবং ব্যবহারযোগ্য পন্য (Materials and consumables)

উপকরণ এবং ব্যবহারযোগ্য পন্য এর নাম	উপকরণ এবং ব্যবহারযোগ্য পন্য এর ছবি
<p>ক. ফিউজ (<b>Fuse</b>): ফিউজ হল একটি বৈদ্যুতিক সুরক্ষা ডিভাইস যা একটি বৈদ্যুতিক সার্কিটের ওভারকারেন্ট এর হাত থেকে সার্কিটকে সুরক্ষা প্রদান করতে কাজ করে থাকে।</p>	 <p>Good Fuse      Blown Fuse</p>

<p>খ. রিলে (<b>Relay</b>): রিলে শব্দের অর্থ পৌছানো বা স্থানান্তর করা। রিলে একটি সাধারণ ইলেক্ট্রোমেকানিক্যাল সুইচ। যা দুটি সার্কিটকে সংযোগ বা সংযোগ বিচ্ছিন্ন করে। কিন্তু একটি ম্যানুয়াল অপারেশনের পরিবর্তে, রিলে একটি ইলেক্ট্রোম্যাগনেট নিয়ন্ত্রণ করতে একটি বৈদ্যুতিক সংকেত ব্যবহার করে, যা অন্য সার্কিটকে সংযোগ বা সংযোগ বিচ্ছিন্ন করতে পারে।</p>	
<p>গ. ফ্লেক্সিবল ক্যাবল (<b>Flexible cable</b>): ফ্লেক্সিবল ক্যাবল বা নমনীয় তার অর্থ হল এক বা একাধিক কোর সমন্বিত একটি তারের গুচ্ছ বা প্রতিটি তারের একটি গুপ, বৈদ্যুতিক তারগুলি বিশেষভাবে টাইট বা বাঁকানো চাপের সাথে মোকাবিলা করার জন্য ডিজাইন করে তৈরী করা হয় যা সহজে একটি তারের সাথে অন্য একটি তারের সংযোগ স্থাপন করা যায়।</p>	
<p>ঘ. কেরোসিন (<b>Kerosene</b>): ইঞ্জিনের বিভিন্ন যন্ত্রাংশ পরিষ্কারের কাজে ব্যবহার করা হয়।</p>	
<p>ঙ. কাটিং ফ্লুইড (<b>Clutch Fluid</b>): তাপ শোষণ করে এবং কাটিং টুল ও ওয়ার্কপিসের ক্ষতি রোধ করে ধাতু কাটার প্রক্রিয়া চলাকালীন তাপমাত্রা নিয়ন্ত্রণ করতে সহায়তা করে।</p>	
<p>চ. চ) ট্রান্সমিশন ফ্লুইড (<b>Transmission Fluid</b>): ট্রান্সমিশন ফ্লুইড বিয়ারিং এবং গিয়ার বক্সের বিভিন্ন ঘূর্ণায়মান যন্ত্রাংশকে লুব্রিকেশন করে এবং চলন্ত অবস্থায় এদেরকে ক্ষয় হওয়ার হতে থেকে রক্ষা করে।</p>	

<p>ছ. <b>ট্রান্সএক্সেল ফ্লুইড (Transaxle Fluid):</b> ট্রান্সমিশন ফ্লুইড হল একটি বিশেষভাবে তৈরি লুব্রিকেন্ট যা আপনার গাড়ির ট্রান্সমিশন গিয়ার এবং ক্লাচ প্যাকগুলিকে রক্ষা করার জন্য ডিজাইন করা হয়েছে, মসৃণ স্থানান্তর সক্ষম করে এবং তাপকে তরলকে ধ্বংস করা থেকে প্রতিরোধ করে।</p>	
<p>জ. <b>ট্রান্সফার কেইস ফ্লুইড (Transfer case Fluid):</b> ট্রান্সফার কেস ফ্লুইড হল ফোর-হইল ড্রাইভ গাড়ির ট্রান্সফার কেসের জন্য লুব্রিকেন্ট। ট্রান্সফার কেসগুলি ফোর-হইল ড্রাইভ বা অল-হইল ড্রাইভ মোড সহ গাড়ি এবং ট্রাকে উপস্থিত থাকে।</p>	
<p>ঝ. <b>গ্রিজ (Grease):</b> গ্রিজ একটি লুব্রিক্যান্ট, এটি তেলের চেয়ে অনেক বেশি ঘন এবং আপনার মেশিন বা যানবাহনের অন্যান্য ক্ষেত্রে ব্যবহৃত হয়। তেল বা ওয়েল সাধারণত অভ্যন্তরীণভাবে ব্যবহৃত হয় তাই এটি বিভিন্ন টিউব এবং অনুচ্ছেদের মধ্য দিয়ে প্রবাহিত হতে পারে এবং এমন কোন সিস্টেম বা চক্রের অংশ হিসাবে কাজ করে যা এটি লুব্রিকেট করার সাথে সাথে এটি সঞ্চালন করতে দেয়।</p>	
<p>ঞ. <b>এসিলিং পেস্ট (Sealing paste):</b> দুইটি খাতব পদার্থের মাঝখানে সিলিং এজেন্ট হিসেবে কাজ করে।</p>	
<p>ট. <b>ওয়েস্ট কটন (Waste Cotton):</b> যা দ্বারা ইঞ্জিনের বিভিন্ন যন্ত্রাংশ পরিষ্কার করার কাজে ব্যবহৃত হয়ে থাকে।</p>	
<p>ঠ. <b>ন্যাপকিন (Napkin):</b> ন্যাপকিন হলো টেবিল পরিষ্কার এবং বিভিন্ন যন্ত্রাংশ পরিষ্কার এবং হাত মুখ মুছতে বা পোশাক রক্ষা করতে ব্যবহৃত হয়।</p>	

**ড) টিস্যু (Tissue Paper):** টিস্যু পণ্যগুলি কাঠ বা পুনর্ব্যবহৃত কাগজ থেকে তৈরি নরম, পাতলা, নমনীয় এবং শোষণক কাগজ। যাহা পরিষ্কার করার কাজে ব্যবহৃত হয়ে থাকে। সেগুলিই আমরা প্রতিদিন ব্যবহার করি, যেমন টয়লেট পেপার, কাগজের তোয়ালে, ন্যাপকিন এবং মুখের টিস্যু।



### ১.৩ পাওয়ার ট্রেনের কম্পোনেন্ট (Components power train)

#### কম্বাশন ইঞ্জিন পাওয়ার ট্রেন (Combustion engine power train)

একটি প্রচলিত অভ্যন্তরীণ দহন ইঞ্জিনে পাওয়ারট্রেন সঞ্চিত গ্যাসোলিন বা ডিজেল শক্তিকে ইঞ্জিনে গতিশক্তিতে রূপান্তর করে এবং এটিকে ট্রান্সমিশন, ড্রাইভশ্যাফট এবং ডিফারেন্সিয়ালের মাধ্যমে গাড়ির চাকায় টর্ক হিসাবে স্থানান্তর করে, এটিকে সামনের দিকে নিয়ে যায়।


পাওয়ার ট্রেনের কম্পোনেন্ট এর নাম	পাওয়ার ট্রেনের কম্পোনেন্ট এর ছবি
<p><b>ক. ট্রান্সমিশন (Transmission):</b> ইঞ্জিনের উৎপাদিত শক্তি চাকায় সরবরাহের জন্য কতগুলি গিয়ারকে যে বক্সে সুবিন্যস্ত ভাবে সাজানো থাকে তাকে ট্রান্সমিশন বলে।</p>	
<p><b>খ. ট্রান্সএক্সেল (Transaxle):</b> ট্রান্সএক্সেল এমন একটি কৌশল যেটি ট্রান্সমিশন ও ফাইনাল ড্রাইভ কম্পোনেন্ট যেমন ডিফারেন্সিয়াল একসাথে পরিচালিত হয়। অর্থাৎ ট্রান্সএক্সেল এমন একটি যন্ত্র যেটি এক্সেল এর অতিরিক্ত যন্ত্রাংশ ছাড়াই কাজ করে। এটির সাধারণত ফ্রন্ট হইল ড্রাইভে ব্যবহৃত হয়।</p>	
<p><b>গ. ক্লাচ (Clutch):</b> ক্লাচ হচ্ছে এমন একটি মেকানিজম যা ইঞ্জিনের শক্তিকে সরবরাহ লাইনের সাথে সংযোগ স্থাপন ও বিচ্ছিন্ন করে। ক্লাচ ইউনিটের মাধ্যমেই ইঞ্জিনের শক্তিকে গিয়ার বক্সে পাঠায়। ক্লাচ প্লেটের সাথে এডবেসটর ফাইবারের তৈরি ক্লাচ লাইনিং থাকে।</p>	
<p><b>ঘ. ট্রান্সফার কেইস (Transfer case):</b> ট্রান্সফার কেস হল ফোর-হইল-ড্রাইভ, অল-হইল-ড্রাইভ এবং অন্যান্য একাধিক চালিত এক্সেল যানবাহনের ড্রাইভট্রেনের একটি অংশ। ট্রান্সফার কেসটি ড্রাইভ শ্যাফ্টের মাধ্যমে ট্রান্সমিশন থেকে সামনের এবং পিছনের অক্ষগুলিতে শক্তি স্থানান্তর করে। এটি সামনের এবং পিছনের চাকার ঘূর্ণনের মধ্যে পার্থক্যকেও সিঙ্ক্রোনাইজ করে (শুধুমাত্র উচ্চ-গতির 4WD-AWD সিস্টেম), এবং অফ-রোড ব্যবহারের জন্য কম রেঞ্জের এক বা একাধিক সেট থাকতে পারে।</p>	

<p><b>ঙ. প্রপেলার শ্যাফট (Propeller Shaft):</b> ইঞ্জিনের শক্তিকে ট্রান্সমিশন আউটপুট শ্যাফট থেকে ডিফারেনশিয়াল গিয়ার বক্সে প্রেরন করাই প্রপেলার শ্যাফট কাজ। এতে দুই বা ততোধিক ইউনিভার্সেল জয়েন্ট এবং স্লিপ জয়েন্ট থাকে। ফলশ্রুতিতে রাস্তায় চলার সময় উচু নীচু ধাক্কা সত্ত্বেও প্রপেলার শ্যাফট ভেঙ্গে যায় না।</p>	
<p><b>চ. সেন্টার বিয়ারিং (Center Bearing):</b> সেন্টার সাপোর্ট বিয়ারিং এটির একধরনের ড্রাইভ ট্রেইন বিয়ারিং। এটির সাধারণত ফ্রন্ট হইল ড্রাইভ ও রিয়ার হইল ড্রাইভে ব্যবহৃত হয়।</p>	
<p><b>ছ. ক্রস বিয়ারিং (Cross Bearing):</b> ক্রস বিয়ারিং হল একটি সাধারণ যান্ত্রিক ভারবহন যার কাজের নীতিটি ঘূর্ণায়মান ঘর্ষণের উপর ভিত্তি করে। এটি দুটি পারস্পরিক লম্ব ঘূর্ণায়মান উপাদান নিয়ে গঠিত, সাধারণত গোলাকার রোলার। এই দুটি ঘূর্ণায়মান উপাদান ভিতরের এবং বাইরের রিংগুলির মধ্যে ঘূর্ণায়মান হয়, ঘর্ষণ এবং প্রতিরোধকে হ্রাস করে।</p>	
<p><b>জ. স্পাইডার কিট (Spider kit):</b> স্পাইডার গিয়ার ডিফারেনশিয়ালের ভিতরে প্রাইমটাইম প্লেয়ার। স্যাটেলাইট গিয়ার নামেও পরিচিত, স্পাইডার গিয়ারগুলি ডিফারেনশিয়াল ক্যারিয়ারে সাইড গিয়ারের চারপাশে ঘোরে। সাইড গিয়ারগুলিকে এক্সেল গিয়ার বা প্ল্যানেটারি গিয়ার হিসাবেও উল্লেখ করা যেতে পারে।</p>	
<p><b>ঝ. (বা) এক্সেল (Axle):</b> এক্সেল একটা ধাতব দন্ড বিশেষ যা মোটরযানের চাকাকে ঘুরতে সাহায্য করে বা ঘুরায়। কোন কোন এক্সেল চাকাকে নির্দিষ্ট স্থানে ধরে রাখে এবং মোটরযানের ভার বহন করে।</p>	
<p><b>ঞ. সিভি জয়েন্ট (CV joint):</b> সিভি জয়েন্ট অর্থ কন্সট্যান্ট ভেলোসিটি জয়েন্ট এটির হোমো কাইনেটিক জয়েন্ট নামেও পরিচিত। এটির বিভিন্ন এ্যাঙ্গেলে পরিবর্তিত হয়ে ড্রাইভ শ্যাফটের মাধ্যমে শক্তি সরবরাহ হয়ে থাকে। এটির কোন ফ্রিকশন ব্যতীত স্থির গতিতে চলতে পারে।</p>	

<p>ট. <b>ডিফারেন্সিয়াল (Differential):</b> মোটরযান যখন সোজা পথে চলে তখন মোটরযানের সকল চাকা গুলি সমগতিতে ঘুরতে থাকে। কিন্তু মোটরযান যখন কোন মোড় ঘুরে তখন মোটরযানের ভিতরের দিকে অর্থাৎ মোড়ের দিকের চাকা গুলির তুলনায় বাহিরের দিকের চাকাগুলিকে বেশি দূরত্ব অতিক্রম করতে হয়। কাজেই মোড় ঘুরার সময় মোটরযানের ভিতরের দিকের তুলনায় বাহিরের দিকের চাকাকে অবশ্যই প্রয়োজনমত বেশি ঘুরতে হবে।</p>	
<p>ঠ. <b>ফাইনাল ড্রাইভ (Final drive):</b> ফাইনাল ড্রাইভ হল রিয়ার-হিল ড্রাইভের পিছনের অ্যাক্সেলে যানবাহন এবং সামনের চাকা ড্রাইভের সামনের অ্যাক্সেলে যানবাহন ড্রাইভ ট্রেনে গিয়ারের শেষ সেটটি ফাইনাল ড্রাইভ।</p>	
<p>ড. <b>হিল বিয়ারিং (Wheel bearing):</b> একটি চাকা বিয়ারিং চাকা সমাবেশের একটি গুরুত্বপূর্ণ অংশ যা চাকা এবং অক্ষকে সংযুক্ত করে। এটি ইম্পাত বল (বল বিয়ারিং) বা টেপারড (টেপারড বিয়ারিং) এর একটি সেট, যা একটি ধাতব রিং দ্বারা একসাথে রাখা হয়। এটি চাকাটিকে ন্যূনতম ঘর্ষণ সহ মসৃণভাবে ঘোরাতে সক্ষম করে।</p>	

■ **হাইব্রিড ভেহিক্যাল পাওয়ার ট্রেন (Hybrid vehicle power train)**

হাইব্রিড বৈদ্যুতিক গাড়িগুলি একটি অভ্যন্তরীণ দহন ইঞ্জিন এবং এক বা একাধিক বৈদ্যুতিক মোটর দ্বারা চালিত হয়, যা ব্যাটারিতে সঞ্চিত শক্তি ব্যবহার করে। একটি হাইব্রিড বৈদ্যুতিক গাড়ি ব্যাটারি চার্জ করার জন্য প্লাগ ইন করা যাবে না। পরিবর্তে, ব্যাটারি রিজেনারেটিভ ব্রেকিংয়ের মাধ্যমে এবং অভ্যন্তরীণ জ্বলন ইঞ্জিন দ্বারা চার্জ করা হয়।




ক. **ইঞ্জিন (Internal Combustion Engine):** হাইব্রিড ভ্যাহিকেলের একটি অংশ হিসেবে ইঞ্জিন থাকে, যা প্রাইমারি পাওয়ার প্রদানকারি হিসেবে কাজ করে।

খ. **ইলেকট্রিক মোটর (Electric Motor):** হাইব্রিড ভ্যাহিকেলের অন্য একটি প্রাইমারি পাওয়ার প্রদানকারি হলো ইলেকট্রিক মোটর।

- গ. ব্যাটারি (**Battery**): হাইব্রিড ভ্যাহিকেলের ইলেকট্রিক মোটরকে চালনা করার জন্য ব্যাটারি ব্যবহার করা হয়।
- ঘ. জেনারেটর (**Generator**): হাইব্রিড ভ্যাহিকেলের ইঞ্জিন সাধারণত একটি জেনারেটর হিসেবে কাজ করে, যা ব্যাটারিকে চার্জ করে এবং ইলেকট্রিক মোটর চালিত করে।
- ঙ. পাওয়ার ইনভার্টার (**Power Inverter**): হাইব্রিড ভ্যাহিকেলের পাওয়ার ইনভার্টার ইলেকট্রিক মোটরের জন্য ব্যবহৃত হয়, যা ব্যাটারি থেকে প্রাপ্ত ডিরেক্ট কারেন্টকে অলটারনেটিং কারেন্টে পরিণত করে।

■ **ইলেকট্রিক্যাল ভেহিক্যাল পাওয়ার ট্রেন (Electric vehicle power train)**

ই-পাওয়ারট্রেন আমাদের ইলেকট্রিক্যাল ভেহিক্যালগুলিকে শক্তি দেয় এবং একটি অভ্যন্তরীণ দহন ইঞ্জিনের প্রয়োজনীয়তা দূর করে। এটি একটি হালকা ওজনের, কমপ্যাক্ট সিস্টেম যা অত্যন্ত কম কম্পন তৈরি করে এবং তাৎক্ষণিক টর্ক তৈরি করে। এই উপাদানগুলি একটি উচ্চ মানের, মসৃণ এবং খুব প্রতিক্রিয়াশীল ড্রাইভ সরবরাহ করতে একত্রিত হয়।




- ক. ব্যাটারি : ইলেকট্রিক্যাল ভেহিক্যালে ব্যাটারি একটি গুরুত্বপূর্ণ উপাদান যা প্রাথমিক পাওয়ার সোর্স হিসাবে ব্যবহার করা হয়। এটি ইলেকট্রিক মোটর এবং অন্যান্য ইলেকট্রিক্যাল উপাদানে প্রয়োজনীয় বিদ্যুৎ সরবরাহ করে।
- খ. চার্জিং ইনফ্রাস্ট্রাকচার: ইলেকট্রিক ভেহিক্যালের জন্য চার্জিং ইনফ্রাস্ট্রাকচার অত্যন্ত গুরুত্বপূর্ণ, যা ব্যাটারিকে চার্জ করে এবং ভেহিক্যালকে চার্জিং স্টেশন হতে চার্জ সরবরাহ করে।
- গ. ইলেকট্রিক্যাল মোটর: ইলেকট্রিক ভেহিক্যালে ব্যবহৃত মোটর যা ইঞ্জিন বা ইঞ্জিনের পরিবর্তে কাজ করে, যা বিদ্যুৎ শক্তি ব্যবহার করে চালিত হয়।
- ঘ. ইনভার্টার: ইলেকট্রিক ভেহিক্যালে ব্যবহৃত ইনভার্টার একটি গুরুত্বপূর্ণ উপাদান যা ডি.সি. থেকে এস.সি. তে পরিবর্তন করে।

## ১.৪ ক্লাচ ও উহার কাজ

**ক্লাচের কাজ:** ক্লাচ হচ্ছে এমন একটি মেকানিজম যা ইঞ্জিনের শক্তিকে সরবরাহ লাইনের সাথে সংযোগ স্থাপন ও বিচ্ছিন্ন করে। ক্লাচ ইউনিটের মাধ্যমেই ইঞ্জিনের শক্তিকে গিয়ার বক্সে পাঠায়। ক্লাচ প্লেটের সাথে এজবেস্টের ফাইবারের তৈরি ক্লাচ লাইনিং থাকে।

### ক্লাচের বিভিন্ন যন্ত্রাংশ সমূহঃ



- রিলিজ লিভার
- স্প্লাইন
- টরশনাল স্প্রিং
- কয়েল স্প্রিং
- ক্লাচ হাব
- ক্লাচ কভার প্লেট
- রিলিজ লিভার স্প্রিং
- ড্রাইভ ওয়াশার
- ক্লাচ লাইনিং
- হাব ফ্লাঞ্জ
- ক্লাচ প্লেট
- কুশনিং স্প্রিং
- ক্লাচ ফর্ক
- ক্লাচ হাউজিং
- ক্লাচ ডিস্ক
- রিলিজ বিয়ারিং
- ফ্রিকশন রিং



## ১.৫ ক্লাচের সম্ভাব্য ত্রুটিসমূহ


দোষ ত্রুটি	কারণ	প্রতিকার
গাড়ি যখন চলে তখন ক্লাচ শব্দ করে।	ক্লাচ ফেসিং এ গ্রীজ বা লুব ওয়েল লাগলে।	ভালোভাবে পরিষ্কার করা।
	ক্লাচ লাইনিং ক্ষয় প্রাপ্ত হলে।	ক্লাচ লাইনিং পরিবর্তন করা।
	ক্লাচ লাইনিং যথাযথ ভাবে না লাগলে।	ক্লাচ লাইনিং সঠিকভাবে লাগানো।
	ক্লাচ প্লেটের ফ্রি-প্লে কমে গেলে।	ক্লাচ প্লেটের ফ্রি-প্লে সঠিকভাবে এ্যাডজাস্ট করা
	প্রেসার প্লেট ও ফ্লাই হুইল ক্ষয় প্রাপ্ত হলে।	প্রেসার প্লেট ও ফ্লাই হুইল লেদে টার্নিং করতে হবে।
লাইনার তাড়াতাড়ি ক্ষয়প্রাপ্ত।	প্যাডেল প্লে কমে গেলে।	প্যাডেল প্লে বাড়াতে হবে।
	প্রেসার স্প্রিং দুর্বল হলে।	পরিবর্তন করতে হবে।
	উচ্চ গতিতে প্যাডেল আস্তে আস্তে ছাড়লে।	তাড়াতাড়ি ছাড়তে হবে।

## ১.৬ টর্ক কনভার্টার ও প্লানেটারি গিয়ার

<p>ক. <b>টর্ক কনভার্টার</b> : টর্ক কনভার্টার ইঞ্জিনের শক্তিকে বৃদ্ধি করে গিয়ার পদ্ধতিতে পৌঁছে দেয় অর্থাৎ পাম্পের মাধ্যমে তেলের চাপ সৃষ্টি করে, এই চাপ গিয়ার পদ্ধতির উপর কাজ করে। টর্ক অর্থ মোচড়ানো বা ঘোরানো অর্থাৎ যে বস্তু টর্ক বাড়ায় তাকে টর্ক কনভার্টার বলে। টর্ক কনভার্টার হচ্ছে একটি বিশেষ ধরনের ফ্লুইড কাপলিং যা ক্র্যাংকশ্যাফটের টর্ক বৃদ্ধি করে গিয়ার বক্সে সরবরাহ করে।</p>	
<p>খ. <b>প্লানেটারি গিয়ার</b> : এই গিয়ার ইউনিট অটোমেটিক ট্রান্সমিশন গিয়ার বক্সের ভিতরে অবস্থান করে। এই ইউনিটটি ৩টি গিয়ারের একটি ইউনিট যথাঃ ক্লাচ ও ব্রেক সু এর সমন্বয়ে গঠিত গিয়ারটি ক্লাচ ও ব্রেক সু-কে পরিচালিত করে এবং হাইড্রোলিক ফ্লুইডের প্রেশারে মাধ্যমে পরিচালিত হয় যা প্লানেটারি গিয়ার ইউনিটকে পরিচালিত করে।</p>	

## ১.৭ ট্রান্সমিশন এর কাজ

ইঞ্জিনের উৎপাদিত শক্তিকে চাকায় সরবরাহ করাই হলো ট্রান্সমিশন এর কাজ।



## ১.৮ ট্রান্সমিশন এর কম্পোনেন্ট ও উহার কাজ

ক. **শ্যাফট** : সাধারণত তিন ধরনের শ্যাফট ম্যানুয়াল ট্রান্সমিশনে ব্যবহার করা হয়।

- **মেইন শ্যাফট**: মেইন শ্যাফট আউটপুট শ্যাফট নামেও পরিচিত। এটি লে শ্যাফটের সমান জায়গায় ক্লাচ শ্যাফটের সামনে বসানো থাকে। গিয়ার, গিয়ার লিভার এগুলো জালের মত যন্ত্র ডগ ক্লাচের মত যন্ত্রের সাথে মোটরগাড়ির গিয়ার বদলের যন্ত্রের সাথে সংযোগ করা হয় যা এই ক্লাচের উপরে বসানো থাকে।
- **কাউন্টার শ্যাফট/লে শ্যাফট** : এই শ্যাফটটি মেইন শ্যাফট আর ক্লাচ শ্যাফটের মধ্যে সংযোগ স্থাপনকারী হিসেবে ব্যবহার করা হয়। এটি সাধারণত নিচে ও মেইন শ্যাফটের সমান্তরালে সংযুক্ত থাকে। এবং থেকে ক্লাচ শ্যাফটকে মেইন শ্যাফটে কাজ করার জন্য ইঞ্জিন আউটপুট ক্যারিয়ার হিসেবে কাজ করে এই লে শ্যাফটটি।
- **ক্লাচ শ্যাফট**: ইঞ্জিন ক্লাইভইল থেকে যে ঘূর্ণায়মান আউটপুট আসে তা এই ক্লাচ ট্রান্সমিশনের মাধ্যমে বহন করে যেগুলো ইঞ্জিন থেকে যে আউটপুটটি পায় তা নিযুক্ত করে বা ছেড়ে দেয়।

খ. গিয়ার ম্যানুয়াল গিয়ার বক্সে ৪ ধরনের গিয়ার ব্যবহার করা হয়।

- **স্পার গিয়ার**: সাধারণত পুরান ধরনের জাল গিয়ার বক্সে এই গিয়ার ব্যবহৃত হয়। এই ধরনের গিয়ারে সোজা দাতাল খাজ থাকে।
- **হেলিক্যাল গিয়ার**: এগুলো নতুন করে সাজানো আধুনিক এবং কৌণিক আকৃতিতে ছাচানো দাঁত বিশেষ।

- **বেভেল গিয়ার:** এই গিয়ারগুলো সব গিয়ার থেকে সর্বোৎকৃষ্ট। এগুলোর কৌণিক কাটাকুটি অংশতে ছাচান দাঁত থাকে
- **আইডেলার গিয়ার:** এই গিয়ারটা খুবই ছোট এবং সাধারণত রিভার্স গিয়ার হিসেবে ব্যবহৃত হয় এবং যা লে শ্যাফটের উপর দিয়ে নেয়া হয়।

গ. **গিয়ার লিভার :** এই লিভারটি গাড়ির চালক গিয়ার পরিবর্তের জন্য ব্যবহার করে।




### ১.৯ ট্রান্সমিশন এর প্রকারভেদ ও উহার সম্ভাব্য ফল্ট

ট্রান্সমিশন এর প্রকারভেদ:

ট্রান্সমিশন গিয়ার বক্স প্রধানত চার প্রকার। যথা :

#### ক. ম্যানুয়াল ট্রান্সমিশন গিয়ার বক্স (Manual Transmittsion)

ম্যানুয়াল গিয়ার বক্স আবার তিন প্রকার। যথা


<p><b>স্লাইডিং মেশ গিয়ার বক্স :</b> এই জাতীয় গিয়ার বক্সে মেইন শ্যাফট ও কাউন্টার শ্যাফটের গিয়ার গুল সবসময় মেশ করা থাকে না। শুধুমাত্র গিয়ার পরিবর্তনের সময় গিয়ার মেশ হয়।</p>	
<p><b>কন্সট্যান্ট মেশ গিয়ার বক্স:</b> এই জাতীয় গিয়ার বক্সে মেইন শ্যাফট ও কাউন্টার শ্যাফটের গিয়ার গুল সবসময় মেশ করা থাকে।</p>	
<p><b>সিনক্রোমেশ গিয়ার বক্স :</b> এই জাতীয় গিয়ার বক্সে মেইন শ্যাফট ও কাউন্টার শ্যাফটের গিয়ার গুল সবসময় মেশ করা থাকে। এই গিয়ার বক্সে কেবল মাত্র সিনক্রোনাইজার ইউনিট ব্যবহার করা হয়।</p>	

#### খ. অটোমেটিক ট্রান্সমিশন গিয়ার বক্স ।(Automatic Transmittsion)

**অটোমেটিক ট্রান্সমিশন :** যে পদ্ধতিতে ইঞ্জিনের গতি, গাড়ীর গতি ও লোড এর উপর নির্ভর করে স্বয়ংক্রিয়ভাবে মেকানিক্যাল গভর্নর, ইঞ্জিনের শূন্যতা দ্বারা পরিচালিত ভালভ সমূহ এবং অতিরিক্ত থ্রোটল লিংকেজ দ্বারা নিয়ন্ত্রিত হয়ে গিয়ার পরিবর্তিত হয়ে গতিশক্তি কম বা বেশি বৃদ্ধি করে ইঞ্জিনের শক্তি চাকায় সরবরাহ করা হয় তাকে অটোমেটিক ট্রান্সমিশন পদ্ধতি বলে।

**অটোমেটিক ট্রান্সমিশনের প্রধান অংশ সমূহ:**

- টর্ক কনভার্টার
- অয়েল পাম্প
- প্লানেটারি গিয়ার ইউনিট
- হাইড্রোলিক কন্ট্রোল ইউনিট



### গ. সিভিটি ট্রান্সমিশন (CVT Transmittsion)

**CVT Gear Box :** CVT বলতে Continus Variable Transmission, CVT Gear Box মূলতঃ অল্প সময়ের মধ্যে টর্ক কমাতে পারে। CVT Gear Box -এ মূলতঃ এ্যাকচুয়েটর হিসেবে সলিনয়েড ভালভ ব্যবহৃত হয় যা CVT Gear Box এর পুলিতে থাকে। এই সলিনয়েডগুলো ECU কর্তৃক পরিচালিত হয়ে কোনাকৃতির ২টি পুলি, মেটালের বেল্টকে স্লাইড করে ইঞ্জিনের বিভিন্ন গতির সাথে সামঞ্জস্য রেখে বেল্টের উভয় প্রান্তকে কখনো কমিয়ে বা কখনো বাড়িয়ে মোটরযানের টর্ক কমানো /বাড়ানোই CVT Gear Box এর কাজ।



#### ১.১০ ট্রান্সএক্সেল এর কাজ





ট্রান্সএক্সেল এমন একটি কৌশল যেটি ট্রান্সমিশন ও ফাইনাল ড্রাইভ কম্পোনেন্ট যেমন ডিফারেন্সিয়াল একসাথে পরিচালিত হয়। অর্থাৎ ট্রান্সএক্সেল এমন একটি যন্ত্র যেটি এক্সেল এর অতিরিক্ত যন্ত্রাংশ ছাড়াই কাজ করে।

#### ১.১১ ট্রান্সএক্সেল এর কম্পোনেন্ট ও উহার কাজ

- ইঞ্জিন (Engine): শক্তি উৎপাদনের কাজ করে।
- ক্লাচ (Clutch): ইঞ্জিনের শক্তিকে ট্রান্সমিশন লাইনের সাথে সংযোগ স্থাপন ও বিচ্ছিন্ন করা।
- ট্রান্সমিশন গিয়ার বক্স (Gearbox): গাড়ীর গতি কম বা বেশী করা।
- প্রপেলার শ্যাফট (Prepeler Shaft): ট্রান্সমিশন গিয়ার বক্স হতে ইঞ্জিনের শক্তিকে ডিফারেন্সিয়াল গিয়ার বক্সে সরবরাহ করা।
- ডিফারেন্সিয়াল গিয়ার বক্স (Differential Gear box): প্রপেলার শ্যাফট হতে প্রাপ্ত ইঞ্জিনের শক্তিকে চাকায় সরবরাহ করে।

## ১.১২ ট্রান্সএক্সেল এর প্রকারভেদ ও উহার সম্ভাব্য ফল্ট

### ট্রান্সএক্সেল এর প্রকারভেদ

ট্রান্সএক্সেল এর প্রকারভেদ	চিত্র
ক. সামনে ইঞ্জিন পিছনের চাকাতে ড্রাইভ (Front engine rear-wheel drive) : এই সিস্টেমে ইঞ্জিন গাড়ির সামনের দিকে বসানো থাকে এবং বিভিন্ন যন্ত্রাংশের মাধ্যমে ইঞ্জিনের শক্তিকে পিছনের চাকায় প্রেরণ করা হয়।	
খ. সামনে ইঞ্জিন সামনের চাকাতে ড্রাইভ (Front engine front-wheel drive): এই সিস্টেমে ইঞ্জিন গাড়ির সামনের দিকে চওড়া বা প্রস্থ বরাবর বসানো থাকে এবং বিভিন্ন যন্ত্রাংশের মাধ্যমে ইঞ্জিনের শক্তিকে সামনের চাকায় প্রেরণ করা হয়।	
গ. চার চাকাতে ড্রাইভ (Four-wheel drive): এই সিস্টেমে ইঞ্জিন গাড়ির সামনের দিকে বসানো থাকে এবং বিভিন্ন যন্ত্রাংশের মাধ্যমে ইঞ্জিনের শক্তিকে সামনের ও পেছনের চার চাকাতেই প্রেরণ করা হয়। সাধারণত জীপ গাড়িতে এই ধরনের ড্রাইভ ব্যবহার করা হয়।	
ঘ. পিছনে ইঞ্জিন পিছনের চাকাতে ড্রাইভ (Rear engine Rear-wheel drive): এই সিস্টেমে ইঞ্জিন গাড়ির পিছনের দিকে চওড়া বা প্রস্থ বরাবর বসানো থাকে এবং বিভিন্ন যন্ত্রাংশের মাধ্যমে ইঞ্জিনের শক্তিকে পিছনের চাকায় প্রেরণ করা হয়	

### সম্ভাব্য ফল্ট

- গিয়ার পরিবর্তনে সমস্যা : এক গিয়ার থেকে অন্য গিয়ারে স্থানান্তর করতে অসুবিধা হয়।
- গিয়ার স্থানান্তর স্লিপ করে: এক গিয়ার থেকে অন্য গিয়ারে স্থানান্তর করার সময় স্লিপ করে।
- জোরে শব্দ হয়: ট্রান্সএক্সেলের ত্রুটি বা ব্যর্থতার আরেকটি সম্ভাব্য উপসর্গ হল একটি জোরে শব্দ হয়।
- অস্বাভাবিক জ্বলন্ত গন্ধ: ট্রান্সমিশন ফ্লুইডের কম বা না থাকলে, ট্রান্সমিশন অতিরিক্ত গরম হলে জ্বলন্ত গন্ধ হয়।

## ১.১৩ ট্রান্সফার কেস (Transfer Case) এর সজা

ট্রান্সফার কেস হল ফোর-হইল-ডাইভ, অল-হইল-ডাইভ এবং অন্যান্য একাধিক চালিত এক্সেল যানবাহনের ডাইভট্রেনের একটি অংশ। ট্রান্সফার কেসটি ডাইভ শ্যাফ্টের মাধ্যমে ট্রান্সমিশন থেকে সামনের এবং পিছনের অক্ষগুলিতে শক্তি স্থানান্তর করে। এটি সামনের এবং পিছনের চাকার ঘূর্ণনের মধ্যে পার্থক্যকেও সিঙ্ক্রোনাইজ করে (শুধুমাত্র উচ্চ-গতির 4WD-AWD সিস্টেম), এবং অফ-রোড ব্যবহারের জন্য কম রেঞ্জের এক বা একাধিক সেট থাকতে পারে।



### ১.১৪ ট্রান্সফার কেস (Transfer Case) এর কাজ

ট্রান্সফার কেসটি ডাইভ শ্যাফ্টের মাধ্যমে ট্রান্সমিশন থেকে সামনের এবং পিছনের অক্ষগুলিতে শক্তি স্থানান্তর করে। এটি সামনের এবং পিছনের চাকার ঘূর্ণনের মধ্যে পার্থক্যকেও সিঙ্ক্রোনাইজ করে (শুধুমাত্র উচ্চ-গতির 4WD-AWD সিস্টেম), এবং অফ-রোড ব্যবহারের জন্য কম রেঞ্জের এক বা একাধিক সেট থাকতে পারে।

### ১.১৫ স্থানান্তর কেস (Transfer Case) এর সম্ভাব্য ফল্ট

- **গিয়ার স্থানান্তর করতে সমস্যা (Trouble Shifting Gears):** স্থানান্তরের না হওয়ার লক্ষণগুলির মধ্যে একটি হল গিয়ার স্থানান্তর করতে সমস্যা।
- **অদ্ভুত আওয়াজ (Odd Noises):** ট্রান্সফার কেস থেকে আওয়াজ হল আপনার গাড়ির সমস্যা হতে পারে।
- **4WD তে থাকতে অসুবিধা (Difficulty Staying in 4WD):** ট্রান্সফার কেস থেকে আওয়াজ ছাড়া আরেকটি উপসর্গ হল চার চাকার ডাইভের থাকতে চায় না।
